# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 31, 1433 Bangla, September 15, 2026, Tuesday, No.252, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has hoped that gas supply to industries is returning to previous level from today as government solved the related problems. [BBC: 03]

The President has urged UK to enhance cooperation in Bangladesh's education, human resources and technology sectors. [R. Today: 18]

Jatiya Sangsad Speaker has said, Bangladesh expects neighbourly relationship with India based on dignity. [R. Today: 17]

Finance and Planning Minister has said, about 57 per cent of claims remain unsettled by insurance companies which is deeply frustrating for country's insurance sector. [Jago News: 15]

Health and Family Welfare Minister has ordered show cause notices for absent from work without permission after monitoring attendance of doctors, nurses, and healthcare workers. [Jago News: 15]

LGRD and Cooperatives Minister has informed that necessary steps will be taken in coordination with Ministry of Health and Family Welfare to prevent dengue. [R. Today: 18]

EC has decided to hold Union Parishad elections across country in seven phases and first phase is likely to be held on November 12. [BBC: 04]

Eight people have died from measles and another eight from dengue across country in last 24 hours. [BBC: 04, 07]

The European Commission President has condemned persistent attacks by Iran-backed armed groups in Middle East. [BBC: 07]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ৩১, বাংলা ১৪৩৩, সেপ্টেম্বর ১৫, ২০২৬, মঙ্গলবার, নং- ২৫২, ৫৬তম বছর**

# শিরোনাম

সমস্যার সমাধান হওয়ায় আজ থেকে শিল্পকারখানায় গ্যাস সরবরাহ আগের অবস্থায় ফিরছে --- জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

দেশের শিক্ষা, মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি খাতে যুক্তরাজ্যের সহযোগিতা বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির। [রেডিও টুডে: ১৮]

স্পিকার বলেছেন, ভারতের সঙ্গে মর্যাদার ভিত্তিতে সুসম্পর্ক প্রত্যাশা করে বাংলাদেশ। [রেডিও টুডে: ১৭]

বীমা কোম্পানিগুলোর কাছে প্রায় ৫৭ শতাংশ দাবি এখনো নিষ্পত্তি হয়নি, যা দেশের বীমা খাতের জন্য অত্যন্ত হতাশাজনক বলে মন্তব্য করেছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী। [জাগো নিউজ: ১৫]

বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ দেওয়ার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রীর। [জাগো নিউজ: ১৫]

ডেঙ্গু প্রতিরোধে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের একযোগে কাজ করার প্রত্যয় --- বলেছেন এলজিআরডি ও সমবায়মন্ত্রী। [রেডিও টুডে: ১৮]

সাত ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের পরিকল্পনা ইসির, প্রথম ধাপের ভোট আগামী ১২ নভেম্বর। [বিবিসি: ০৪]

দেশে একদিনে হামের উপসর্গে ৮ জন এবং ডেঙ্গুতে আরও ৮ জনের প্রাণহানি। [বিবিসি: ০৪, ০৭]

ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোর মধ্যপ্রাচ্যে লাগাতার হামলার নিন্দা জানিয়েছেন ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট। [বিবিসি: ০৭]

# বিবিসি

## শিল্পে গ্যাসের সরবরাহ দেড় মাস আগের অবস্থায় ফিরবে কাল থেকে : প্রধানমন্ত্রী

শিল্পে গ্যাসের সরবরাহ কাল থেকে দেড় মাস আগের অবস্থায় ফিরবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে তিনি বিদ্যুৎ ও জ্বালানি খাতে সরকারের পরিকল্পনা বাস্তবায়নে ব্যবসায়ী নেতৃবৃন্দ ও গণমাধ্যমের সহযোগিতা চেয়েছেন। প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট সবাইকে অস্থিতিশীলতা সৃষ্টি থেকে বিরত থেকে সরকারের মেয়াদে এসব পরিকল্পনা বাস্তবায়নের সুযোগ করে দেওয়ার আহ্বান জানান। সোমবার বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ব্যবসায়ী নেতা ও মিডিয়া ব্যক্তিত্বদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এই খবর প্রকাশ করেছে। তিন ঘণ্টার এই আলোচনায় তারা বিভিন্ন বিষয়ে নিজেদের মতামত তুলে ধরেন। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব হাসান শিপলু এ কথা জানান। তিনি আরো জানান, সভায় 'বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পথরেখা' শীর্ষক একটি উপস্থাপনা করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। প্রধানমন্ত্রী দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের বর্তমান সংকটকে 'উত্তরাধিকারসূত্রে পাওয়া সমস্যা' হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেন, এই সংকট ছয় মাস বা এক বছরের মধ্যে পুরোপুরি সমাধান করা সম্ভব নয়। তবে সরকার সমস্যা চিহ্নিত করে পরিকল্পনা তৈরি করেছে এবং এখন সেগুলো বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। তারেক রহমান বলেন, বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ স্বাভাবিক করতে সরকার একটি নির্দিষ্ট সময়সীমা ধরে কাজ করছে। পরিকল্পনা বাস্তবায়ন হলে ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামগ্রিক অর্থনীতিও উপকৃত হবে। বর্তমান গ্যাস সংকটের কারণ ব্যাখ্যা করে তিনি বলেন, দেশের দুটি ভাসমান এলএনজি টার্মিনালের একটিতে দুর্ঘটনার কারণে সরবরাহ ব্যাহত হয়েছে। এর প্রভাব পড়েছে শিল্পকারখানাসহ বিভিন্ন খাতে। তবে দুর্ঘটনাজনিত সমস্যাটি এরই মধ্যে সমাধান করা হয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন, 'আমরা আশা করছি, আগামীকাল সন্ধ্যা থেকে গ্যাসের সরবরাহ এক থেকে দেড় মাস আগের অবস্থায় ফিরবে।' ঘাটতি মোকাবিলায় তৃতীয় একটি ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপনের উদ্যোগের কথাও জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, জিটুজি ভিত্তিতে গত এক মাসে আরেকটি টার্মিনাল স্থাপনের প্রস্তুতি মোটামুটি সম্পন্ন হয়েছে। দ্রুতই কাজ শুরু হবে।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## নভেম্বরের মাঝামাঝি থেকে স্থানীয় সরকার নির্বাচন শুরু করার পরিকল্পনা নির্বাচন কমিশনের

নভেম্বরের মাঝামাঝি থেকে ইউনিয়ন পরিষদ নির্বাচন দিয়ে ধাপে ধাপে স্থানীয় সরকার নির্বাচন শুরু করার পরিকল্পনা নিয়েছে নির্বাচন কমিশন। সোমবার দুপুরে আগারগাঁওয়ে নির্বাচন কমিশন কার্যালয়ে সাংবাদিকদের এই কথা জানান নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। তিনি বলেন, দেশে স্থানীয় সরকার নির্বাচন নভেম্বরের মাঝামাঝি সময় থেকে শুরু করা হবে। প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে যেটি পর্যায়ক্রমে সারা দেশে কয়েকটি ধাপে সম্পন্ন করবে নির্বাচন কমিশন। তিনি আরো জানান, যদি এই সময়ের মধ্যে আইন পরিবর্তন না হয় তাহলে বিদ্যমান আইন অনুযায়ীই স্থানীয় নির্বাচন পরিচালনা করা হবে। তবে, স্থানীয় নির্বাচনের তফসিল সেপ্টেম্বর বা অক্টোবরে ঘোষণা করা হবে কিনা এমন প্রশ্নের জবাবে কোন মন্তব্য করেননি তিনি। শিগ্‌গিরই নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে উল্লেখ করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## ডাকসুতে জিন্নাহ'র ছবি প্রদর্শনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে : ঢাবি কর্তৃপক্ষ

ডাকসু সংগ্রহশালায় পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্নাহ এবং তৎকালীন ছাত্রসংঘের নেতা আব্দুল মালেকের ছবি প্রদর্শনের বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের উপ-পরিচালক ফররুখ মাহমুদের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে উল্লেখ করে এই কথা জানিয়েছে কর্তৃপক্ষ। তবে, দুপুরে পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্নাহর ছবিটি ছিঁড়ে ফেলেন আবু তৈয়ব হাবিলদার নামের সাবেক একজন শিক্ষার্থী। এতে বলা হয়েছে, "ডাকসু সংগ্রহশালায় পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্নাহ এবং তৎকালীন ছাত্রসংঘের নেতা আব্দুল মালেকের ছবি প্রদর্শনের বিষয়টিও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। ভাষা আন্দোলন ও বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসের সঙ্গে সাংঘর্ষিক এমন ব্যক্তিদের ছবি বিশ্ববিদ্যালয়ের সংগ্রহশালায় প্রদর্শন কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধিবিধান অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।" একইসঙ্গে, ডাকসু যেভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মূল্যায়ন করেছে সেটি আইনানুযায়ী শাস্তিমূলক অপরাধ বলেও উল্লেখ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, "ডাকসুর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মূল্যায়নের জন্য অনুমোদন ছাড়া ওয়েবসাইট চালু করা হয়েছে, যা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা ও প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। শিক্ষক মূল্যায়ন বিশ্ববিদ্যালয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ অ্যাকাডেমিক ও প্রাতিষ্ঠানিক বিষয়। এ ক্ষেত্রে কোনো ব্যক্তি, সংগঠন বা ছাত্র সংসদ নিজেদের উদ্যোগে পৃথক মূল্যায়ন ব্যবস্থা চালু করতে পারে না। একইসঙ্গে এই ওয়েবসাইট চালু করে শিক্ষকদের ব্যক্তিগত তথ্যও বাইরে আনা হয়েছে, যা আইন অনুযায়ী শাস্তিমূলক অপরাধ।" ঢাবি কর্তৃপক্ষ জানিয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে টিচিং ইভালুয়েশনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতিমালা রয়েছে এবং সেটি বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পর্যায়ে অনুমোদিত

হয়েছে, যা বাস্তবায়নের পথে। "ফলে অনুমোদিত নীতিমালার বাইরে গিয়ে পৃথক কোনো শিক্ষক মূল্যায়ন ব্যবস্থা চালু করার উদ্যোগ গ্রহণযোগ্য নয়। এটি বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন করার সামিল। এমতাবস্থায় ডাকসুর এই ধরনের কর্মকাণ্ড অনাকাঙ্ক্ষিত, অপ্রত্যাশিত এবং অগ্রহণযোগ্য" বলে জানিয়েছে ঢাবি কর্তৃপক্ষ। একইসঙ্গে, বিশ্ববিদ্যালয়ে কোনো ধরনের দ্বৈত প্রশাসন প্রতিষ্ঠার সুযোগ নেই উল্লেখ করে ঢাবি কর্তৃপক্ষ বলছে, "ডাকসু একটি গুরুত্বপূর্ণ ছাত্রপ্রতিনিধিত্বশীল প্রতিষ্ঠান হলেও তার সব কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের আইন, বিধি, নীতিমালা ও প্রশাসনিক কাঠামোর মধ্যে থেকেই পরিচালিত হতে হবে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্তৃত্বকে পাশ কাটিয়ে কোনো সমান্তরাল কাঠামো বা প্রক্রিয়া প্রতিষ্ঠার চেষ্টা হলে তা কঠোরভাবে প্রতিহত করা হবে।" একইসঙ্গে, "বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা, বাংলাদেশের ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের ইতিহাসের মর্যাদা রক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো ধরনের আপস করবে না। বিশ্ববিদ্যালয়ের অনুমোদন ছাড়া কোনো স্থাপনা নির্মাণ, পৃথক প্রশাসনিক ব্যবস্থা চালুর উদ্যোগ গ্রহণ করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত বিধি অনুযায়ী কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে" বলে জানিয়েছে ঢাবি কর্তৃপক্ষ।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## সাতটি ধাপে ১২ নভেম্বর থেকে ইউনিয়ন পরিষদ নির্বাচন শুরু হবে

সাতটি ধাপে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ। সোমবার দুপুরে সাংবাদিকদের এই কথা জানান তিনি। তিনি জানিয়েছেন, প্রথম ধাপে ১২ নভেম্বর ৮০টি উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনের মধ্য দিয়ে শুরু হবে স্থানীয় সরকার নির্বাচন। "আমরা আজকে নির্বাচন কমিশনে স্থানীয় সরকার নির্বাচন, ইউনিয়ন পরিষদের বিশেষ করে নির্বাচন নিয়ে প্রাক - প্রস্তুতিমূলক সভা করেছি। এখানে কতগুলো প্রাথমিকভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছে। এগুলো ফাইনাল নয়, তবে এটাকে টেনটেটিভ সিদ্ধান্ত হিসেবে নিতে পারেন। আগামী ১৭ তারিখে আমাদের-ইন্টার ডিপার্টমেন্টাল প্রস্তুতিমূলক সভা আছে। সেখানে গিয়ে এটা চূড়ান্ত হবে। বাংলাদেশে টোটাল ইউনিয়নের সংখ্যা আছে চার হাজার ৫৮০টি। এর মধ্যে ৪২৭২টি আইন অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে ইলেকশন শিডিউলের মধ্যে ঢুকে যাবে" বলেন মি. সানাউল্লাহ। সাতটি ধাপে এই নির্বাচন অনুষ্ঠিত হবে উল্লেখ করে তিনি বলেন, "১২ নভেম্বর প্রথম ধাপের নির্বাচন অনুষ্ঠিত করতে পারবো আশা করছি, ১৩ ডিসেম্বর দ্বিতীয় ধাপে, ৩০ ডিসেম্বর তৃতীয় ধাপে, ১৭ জানুয়ারি চতুর্থ ধাপে, ৪ ফেব্রুয়ারি ২০২৭ পঞ্চম ধাপের নির্বাচন এবং ষষ্ঠ ধাপের নির্বাচন ২২ এপ্রিল, ২৭ মে সপ্তম ধাপের নির্বাচন অনুষ্ঠিত হবে বলে প্রাথমিকভাবে সিদ্ধান্ত হয়েছে।" সকল রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচন কমিশন আলোচনা করবে বলেও উল্লেখ করেছেন তিনি। একইসঙ্গে, আইন পরিবর্তন না হলে বিদ্যমান আইনে স্থানীয় সরকার নির্বাচন হবে বলেও জানিয়েছেন এই নির্বাচন কমিশনার।
(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে মৃত্যুর সংখ্যা আট

গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে আট শিশু মারা গেছে। এর মধ্যে চারজন ঢাকায় এবং সিলেটে মারা গেছে চারজন। সোমবার স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মৃত্যুর সংখ্যা ৯৩০। এদের বেশিরভাগই শিশু। এছাড়া গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা ৫৫। এ বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত ২০ হাজার ১২৪ জন হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এছাড়া গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে এক হাজার ১৭৭ রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। গত ১৫ মার্চ থেকে এই সংখ্যা এক লাখ ৭২ হাজারের বেশি।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## ভারত থেকে বাংলাদেশে টনে টনে ইলিশ আমদানি কেন হচ্ছে

বাংলাদেশের বেনাপোল বন্দর দিয়ে গত দুই মাসে প্রায় সাত কোটি টাকা মূল্যের প্রায় সাড়ে তিন লাখ কেজির (৩৫০ টন) বেশি ইলিশ বাংলাদেশে আমদানি করেছে ঊনিশটি আমদানিকারক প্রতিষ্ঠান। যদিও দেশের অনেক বাজারেই এসব মাছ বাংলাদেশের মাছ বলেই বিক্রির অভিযোগ পাওয়া যাচ্ছে। ভারত থেকে আরও ইলিশ বাংলাদেশের পথে রয়েছে বলে আমদানিকারক, কাস্টমস ক্লিয়ারিং অ্যান্ড ফরওয়ার্ডিং বা সিঅ্যান্ডএফ প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সাথে আলাপ করে জানা গেছে। তাদের দেওয়া তথ্য অনুযায়ী, বাংলাদেশে যেই ইলিশ আসছে, সেগুলোর বেশিরভাগই ভারতের গুজরাট থেকে আসছে। আবার দুর্গাপূজার আগে বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে ইলিশ পাঠানো নিয়ে প্রতি বছরই কূটনৈতিক বিতর্ক হয়। কিন্তু এ বছর পদ্মার ইলিশের বদলে এখন পশ্চিমবঙ্গ থেকেই বাংলাদেশে যাচ্ছে বিপুল পরিমাণ গুজরাতি ইলিশ, পেট্রাপোল-বেনাপোল সীমান্তপথে। পশ্চিমবঙ্গ চিল্ড ফিশ এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক সৈয়দ আনোয়ার মাকসুদ বিবিসিকে জানিয়েছেন, গত প্রায় দুইমাসে পশ্চিমবঙ্গ হয়ে প্রায় ৫০০ মেট্রিক টন ইলিশ বাংলাদেশে রফতানি হয়েছে। তার দাবি, রফতানি হওয়া এই ইলিশের প্রায় পুরোটাই গুজরাত থেকে আসছে। বাংলাদেশে সংশ্লিষ্টদের সাথে কথা বলে যেই ধারণা পাওয়া গেছে তা হলো- মূলত বাংলাদেশের বাজারে ইলিশের যেই দাম তার চেয়ে ভারত থেকে আনা ইলিশের দাম কয়েকগুণ কম পড়ে বলেই ব্যবসায়ীরা ইলিশ আমদানিতে উৎসাহিত হয়েছেন। যশোর জেলা মৎস্য কর্মকর্তা মো. মনিরুল মামুন বলছেন, মৎস্য অধিদপ্তর থেকে যথাযথ অনুমতি নিয়েই কিছু প্রতিষ্ঠান ইলিশ আমদানি করছে কিন্তু কেন এই আমদানি করা হচ্ছে, সে সম্পর্কে তাদের

কোনো ধারণা নেই। মৎস্য অধিদফতরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক বিবিসি বাংলাকে বলেছেন, ব্যবসায়ীদের আবেদনের প্রেক্ষিতে তারা সীমিত পরিসরে ইলিশ আমদানির কিছু অনুমতি দিয়েছেন।

ইলিশ গবেষক ড. আনিসুর রহমান বলছেন, নদী দূষণ, কারেন্ট জাল ব্যবহার করে জাটকা নিধন, বালু উত্তোলনসহ বিভিন্ন কারণে বাংলাদেশে জলসীমায় যথেষ্ট ইলিশ পাওয়া যাচ্ছে না বলে বাজারে ইলিশের সংকট তৈরি হয়েছে। সে কারণেই বিভিন্ন পথে ইলিশ আসছে বলে মনে করেন তিনি।

**ভারত থেকে আমদানি কেন**

বাংলাদেশের পরিচিতি ছিল ইলিশ রফতানিকারক দেশ হিসেবেই। কিন্তু এখন জানা যাচ্ছে যে, বাংলাদেশ এখন ভারত থেকে বিপুল পরিমাণে ইলিশও আমদানি করছে। যশোর জেলা মৎস্য বিভাগ বলছে, চলতি অর্থবছরের প্রথম দুই মাস অর্থাৎ জুলাই ও আগস্টে মোট ৩ লাখ ৫২ হাজার ৪৮৪ কেজি ইলিশ ভারত থেকে বাংলাদেশে আমদানি করেছে ১৯টি আমদানিকারক প্রতিষ্ঠান। আমদানি করা এসব ইলিশের মূল্য প্রায় সাত কোটি টাকা। বেনাপোল স্থলবন্দরের মৎস্য কোয়ারেন্টাইন পরিদর্শক আশওয়াদুল আলমও এসব তথ্য নিশ্চিত করেছেন। কিন্তু ভারত থেকে কেন আমদানি হচ্ছে এমন প্রশ্নের জবাবে যশোর জেলা মৎস্য কর্মকর্তা মো. মনিরুল মামুন বলছেন, এবারই প্রথম ইলিশ এভাবে আমদানি করতে দেখছেন তারা। "এর সঠিক কারণ জানা নেই। হয়ত ওদের ওখানে বেশি ধরা পড়েছে, সেজন্য হতে পারে। আমাদের কর্তৃপক্ষের কাছ থেকে আমদানির অনুমতি নিয়ে ব্যবসায়ীরা আমদানি করছে। ফলে আমরাও অনুমতি দিচ্ছি," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। বাংলাদেশে প্রায় দুই দশক একনাগাড়ে ইলিশের উৎপাদন বৃদ্ধির পর হুট করেই গত তিন বছর ধরে ইলিশের উৎপাদন ক্রমাগত কমার পাশাপাশি মাছটির গড় ওজনও কমতে শুরু করেছিল, যা নিয়ে গবেষকরা উদ্বেগ প্রকাশ করে আসছিলেন। এর মধ্যেই ভারত থেকে ইলিশ আমদানির খবরে রীতিমতো তোলপাড় চলছে, পাশাপাশি কৌতূহলও তৈরি হয়েছে যে, বাংলাদেশে এখন ইলিশের মৌসুম থাকা সত্ত্বেও কেন এই সময়ে ভারত থেকে ইলিশ আমদানি করা হচ্ছে। এ কৌতূহল বা প্রশ্নের মূল কারণ হলো ২০১৮ সালে বাংলাদেশের কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা মাছটির পূর্ণাঙ্গ জীবন রহস্য উন্মোচনের কৃতিত্ব অর্জনের পর আশা করা হয়েছিল যে, বাংলাদেশে ইলিশের সংরক্ষণ, উৎপাদন ও গুণগত মানের ক্ষেত্রে বড়ো অগ্রগতি অর্জিত হবে। ইলিশ আমদানিকারক প্রতিষ্ঠানগুলোর হয়ে কাজ করা একটি সিঅ্যান্ডএফ প্রতিষ্ঠানের কর্ণধার মো. কামরুজ্জামান বলছেন, চাহিদার তুলনায় বাজারে যোগান কম বলেই ব্যবসায়ীরা ইলিশ আমদানি করছেন। "সরকারের কাছ থেকে অনুমতি নিয়েই তো তারা আমদানি করছেন। আবার লাভ না থাকলে ব্যবসায়ীরা আমদানি করবেন কেন," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

ওদিকে আবার ভারত থেকে এবারই প্রথম ইলিশ আমদানি হয়েছে এমনটিও নয়। গত বছর জুলাইতে মূলত এই আমদানি শুরু হয়েছিল।

কিন্তু এখন বাংলাদেশ শুধু আমদানি করছে তা নয়। গত অর্থবছরে ইলিশ রফতানির লক্ষ্যমাত্রা অর্জনে চরম ব্যর্থ হয়েছে বাংলাদেশ। কর্মকর্তারা বলছেন, বারশ টন রফতানির লক্ষ্য নিয়ে বাংলাদেশ সেবার ১১০ টনেরও কম ইলিশ রফতানি করেছে। যদিও ইলিশের উৎপাদন বাড়ানোর জন্য ছয় বছর মেয়াদি প্রকল্প ২০২০ সালে নেওয়া হয়েছিল। কিন্তু সেটি কতটা কার্যকর হয়েছে এখন সেই প্রশ্নও তুলেছেন মৎস্য অধিদফতরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক নিজেও। "ইলিশের উৎপাদন বৃদ্ধির জন্য চারশ কোটি টাকার প্রকল্প ছিল। গত সরকারের সময়ে সেটি কতটা কাজে লাগল কিংবা গাফিলতি ছিল কি-না সবকিছু খতিয়ে দেখতে হবে। ইলিশ উৎপাদন কমলো কেন সেটি বের করতে হবে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। ভারত থেকে ইলিশ আমদানি সরকার কীভাবে দেখছে জানতে চাইলে মহাপরিচালক বলেন, ইলিশ আমদানি নিষিদ্ধ না এবং অল্প স্বল্প আগেও বিভিন্ন সময় এসেছে। "এবার বাজারে ইলিশ কম দেখা যাচ্ছে। ব্যবসায়ীদের আবেদনে সীমিত পরিসরে কিছু আমদানির অনুমতি দেওয়া হয়েছে। ইলিশ সাগরের মাছ। প্রজননের জন্য নদীতে আসে। সমুদ্র থেকে হয়ত ওরা (ভারতীয়রা) ধরে ফেলছে। আমাদের মজুত কমছে। এসব কারণেই অল্প পরিমাণে আমদানির অনুমতি দেওয়া হয়েছে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। যদিও মৎস্য বিভাগের কর্মকর্তা ও আমদানিকারকদের কয়েকজনের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, ভারত থেকে আসা ইলিশের সর্বোচ্চ ক্রয় মূল্য পড়ে দুই ডলার ( প্রায় ২৪৬ টাকা) কিংবা তারও কম। এরপর দেশে কাস্টমসসহ নানা শুল্কসহ বিভিন্ন ব্যয় শেষে এর যা দাম পড়ে, তা বাংলাদেশের বাজারের একই ওজনের একটি ইলিশের চেয়ে অনেক কম। "এখানে ব্যবসায়ীদের অনেক লাভ হয় আমদানি করতে পারলে। গত দুই মাস বাজারে ইলিশ খুবই কম। আমদানি করা মাছ দেদারসে বিক্রি হচ্ছে যশোর অঞ্চলে," বলছিলেন একজন কর্মকর্তা।

**বাজারে সংকট কতটা**

গত কয়েক সপ্তাহে যারা ঢাকার বাজারে গিয়ে ইলিশ কিনেছেন বা কিনতে চেয়েছেন তাদের কয়েকজনের সাথে আলাপ করে জানা গেছে তারা, ৫০০ গ্রামের বেশি ওজনের ইলিশ ১৬০০ টাকা, ১ কেজির ওপরে ২৮০০, আটশ/নয়শ গ্রামের মাছ ২২-২৪০০ এবং ৭শ গ্রামের ইলিশ ১৮০০ টাকা কিংবা এসব দামের কাছাকাছি মূল্যে দাম চাইতে দেখেছেন। অথচ মৎস্য গবেষণা ইন্সটিটিউটের তথ্যানুযায়ী দেশের মোট মৎস্য উৎপাদনের প্রায় ১২ শতাংশ আসে ইলিশ থেকে। এছাড়া পৃথিবীর মোট ইলিশের প্রায় ৬০ ভাগ উৎপন্ন হয় বাংলাদেশে। এখন বিশ্বে উৎপাদিত মোট ইলিশের প্রায় ৭০ থেকে ৮০ শতাংশই বাংলাদেশে হয় বলে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় দাবি করে থাকে। কর্মকর্তারা বলছেন, ২০২২-২৩

অর্থবছরে ৫ লাখ ৭১ হাজার মেট্রিক টন ইলিশ উৎপাদন হয়েছিল। পরের বছর ২০২৩-২৪ সময়ে উৎপাদন হয় ৫ লাখ ২৯ হাজার মেট্রিক টন আর ২০২৪-২৫ অর্থ বছরে উৎপাদন হয়েছে ৫ লাখ ৪ হাজার মেট্রিক টন। আবার ২০২৫-২৬ অর্থবছরের আনুষ্ঠানিক হিসেব না পাওয়া গেলেও কর্মকর্তারা যে ধারণা দিয়েছেন, তাতে উৎপাদন হয়েছে ৫ লাখ টনেরও কম। ইলিশ বিশেষজ্ঞ হিসেবে পরিচিত ড. আনিসুর রহমান বলছেন, ইলিশের এমন পরিস্থিতি হওয়ার কারণগুলো চিহ্নিত করে সরকারের উচিত, দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া। তার ধারণা, সাগর থেকে নদীতে আসার পথ অর্থাৎ ইলিশের মাইগ্রেটরি রুট ক্ষতিগ্রস্ত হওয়াও এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে। "নানা ধরনের ক্ষতিকর উপায়ে মাছ ধরা এবং কীটনাশক ব্যবহারও ইলিশের প্রজনন ও বেড়ে ওঠার স্থানকে হুমকির মুখে ফেলেছে," বলেছেন তিনি।

**গুজরাতে ইলিশের বিপুল জোগান**

এ বছর গুজরাতে ইলিশের বিপুল জোগান হয়েছে বলে জানিয়েছেন পশ্চিমবঙ্গের মাছ রপ্তানীকারক সৈয়দ আনোয়ার মাকসুদ। ফলে সেখানে মাছের উদ্বৃত্ত জোগান তৈরি হয়েছে এবং দামও কমেছে। তার বক্তব্য, বাংলাদেশে শুধু ইলিশেরই নয়, ইলিশের ডিমেরও বড়ো চাহিদা রয়েছে। আর গুজরাত থেকে আসা ইলিশে প্রচুর পরিমাণে ডিম পাওয়া যাচ্ছে। "বাংলাদেশে ক্রেতারা ডিম-সহ বড়ো আকারের ইলিশ পছন্দ করেন। আবার সেখানকার কারখানাগুলিতে ইলিশের ডিম প্রসেসিং, প্যাকেজিং করে আমেরিকা ও ব্রিটেনের মতো দেশে আন্তর্জাতিক বাজারে রফতানিও করা হয়। গুজরাতের ইলিশ আকারে বড়ো এবং ডিমে ভরা থাকে। ফলে বাংলাদেশে ইলিশ এবং ইলিশের ডিম, দুটিরই বড়ো চাহিদা রয়েছে, যা গুজরাতের মাছ দিয়ে আমরা মেটাতে পারছি।" মাকসুদের মতে, এখন ইলিশের এই বাণিজ্যিক পথটি মূলত গুজরাতের ভারুচ থেকে পশ্চিমবঙ্গের হাওড়ার পাইকারি বাজার হয়ে পেট্রাপোল-বেনাপোল সীমান্ত পর্যন্ত বিস্তৃত। ভারুচের ভাদভূতের কাছে মাছ ব্যবসায়ীদের সংগঠনের সভাপতি চিমন ট্যান্ডেল বলেন, গত পাঁচ বছর ধরে ইলিশের উৎপাদন খুবই ভালো হয়েছে। মূলত পশ্চিমবঙ্গেই এই মাছ পাঠানো হয়, সেখান থেকে তা বাংলাদেশেও রফতানি করা হয়। তিনি বলেন, গুজরাত থেকে পাঠানো ইলিশের সবচেয়ে বেশি চাহিদা পশ্চিমবঙ্গেই। ভাদভূত থেকেও রেফ্রিজারেটেড ট্রাকে সরাসরি বাংলাদেশে মাছ পাঠানো হয়। পরিমাণ কম হলে ট্রেনের কনটেনারে পাঠানো হয়, তবে সাধারণত পরিমাণ বেশি হলে ট্রাকই ব্যবহার করা হয়। তার মতে, প্রতিদিন ভারুচ থেকে তিনটি ট্রাক ছাড়ে, প্রতিটিতে গড়ে ২৫০টি বাক্স থাকে। প্রতি বাক্সে থাকে ৬০ কেজি ইলিশ। মৎস্যজীবী দীপকভাই মাচ্ছি বিবিসিকে বলেন, ইলিশের মরশুম চলে জুনের মাঝামাঝি থেকে নবরাত্রি পর্যন্ত। বর্তমানে প্রতি কেজি ইলিশের দাম ৬০০ থেকে ৭০০ ভারতীয় রুপি। তার দাবি, এই তিন মাসের মরশুমে ছোটো মাপের মৎস্যজীবীরাও প্রায় পাঁচ লক্ষ টাকা পর্যন্ত আয় করেন। গুজরাতে সবচেয়ে বেশি ইলিশ উৎপাদন হয় ভাদভূতের কাছে, যেখানে নর্মদা নদী সাগরে মিশেছে। এছাড়া জম্বুসার ও হানসোটেও কিছু ইলিশ উৎপাদন হয়। হাওড়ার কালীবাবুর বাজার মৎস্য ব্যবসায়ী সমিতির সভাপতি রথীকান্ত বার দাবি করেন, এই বছর বাংলাদেশি ব্যবসায়ীরাও পশ্চিমবঙ্গের বাজারে এসে খুচরো পরিমাণে, প্রায় দেড় থেকে ৩ মেট্রিক টন, ইলিশ কিনছেন। তবে তারাও গুজরাত ও মহারাষ্ট্র থেকে আসা বড়ো আকারের ইলিশই বেশি পছন্দ করছেন। পশ্চিমবঙ্গের একাধিক মৎস্যজীবী সংগঠনের নেতা জয়কৃষ্ণ হালদার ইলিশের জোগানের এই পরিবর্তনের জন্য জলদূষণ এবং 'ইন্ডাস্ট্রিয়াল ফিশিং' অর্থাৎ শিল্পভিত্তিক মাছ ধরাকে দায়ী করেছেন। "আমরা বারবার বলছি, নিষিদ্ধ গাছের ঔষধ ব্যবহার বন্ধ করো। শহরের বর্জ্যপদার্থ জলে ফেলা বন্ধ করো। কিন্তু কে কার কথা শোনে?" তিনি আরও বলেন, ১১ মাস ধরে বড় মোটরচালিত নৌযান ব্যবহার করে ইন্ডাস্ট্রিয়াল ফিশিংয়ের ফলেও সাধারণ মৎস্যজীবীদের মাছের জোগানের উপর নেতিবাচক প্রভাব পড়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

**কটূক্তির অভিযোগে এক ডিএজির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে রুমিন ফারহানার লিখিত অভিযোগ**

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে কটূক্তির অভিযোগে নজরুল ইসলাম ছোটন নামে একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেলের বিরুদ্ধে বিভাগীয় ও আইনি ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে অ্যাটর্নি জেনারেলের কাছে লিখিত আবেদন করেছেন সুপ্রিম কোর্টের আইনজীবী ও সংসদ সদস্য রুমিন ফারহানা। একইসঙ্গে, মি. ছোটন হাইকোর্টের যে বেঞ্চে ডিএজি হিসেবে দায়িত্ব পালন করছেন বিষয়টি সেই বেঞ্চের নজরেও এনেছেন। তবে আদালত এই বিষয়ে কোনো আদেশ দেয়নি বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল। ফেসবুকে মি. ছোটন লিখেছেন, "লেডি মীরজাফর রুমিন ফারহানা আফা অতীত খুব দ্রুত ভুলে গেলেন।" লিখিত অভিযোগটির বিষয়ে অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল জানান, এই বিষয়ে মি. ছোটনের বক্তব্য তিনি শুনেছেন। "তিনি রুমিন ফারহানার বর্তমান সময়কার বক্তব্য থেকে পূর্ববর্তী বক্তব্যের পার্থক্য বিবেচনা করে একটি ভিডিও শেয়ার করে লিখেছেন, লেডি মীরজাফর রুমিন ফারহানা এত তাড়াতাড়ি ভুলে গেলেন। অর্থাৎ বিগত ফ্যাসিবাদ আমলে তার উপরে পরিচালিত নির্যাতন, সেটাকেই আসলে প্রকৃতপক্ষে তাকে মনে করিয়ে দিয়ে বোঝাতে চেয়েছেন যে, আপনি বর্তমানে বিএনপি এবং গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারের বিরুদ্ধে যে ধরনের অবস্থান গ্রহণ করেছেন, আপনার তো অতীতটা মনে রাখা উচিত," বলেন মি. কাজল। অ্যাটর্নি জেনারেল মনে করছেন, "জনাব ছোটন সাহেবের এই বক্তব্যের পর আমার কাছে মনে হয়েছে, তিনি ওনার স্বাধীন মতামত প্রকাশের যে অধিকার রাখেন, তিনি সেই অধিকারটা এক্সারসাইজ করেছেন।" মি. ছোটনের এই বক্তব্যে অ্যাটর্নি জেনারেল সন্তুষ্ট হয়েছেন উল্লেখ করে বলেন, "আমার প্রাথমিকভাবে যেটা বক্তব্য, তার এই ভিডিও

রুমিন ফারহানার পুরোনো ভিডিও শেয়ার করে একটা স্ট্যাটাস দেওয়া কোনোভাবেই তার পেশাগত কিংবা এই অফিসের প্রশাসনিক সিদ্ধান্তের আওতায় পড়ে না।" (বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## ঢাকার দুই সিটি কর্পোরেশনে মেয়র প্রার্থীর নাম ঘোষণা জামায়াতে ইসলামীর

ঢাকা উত্তর সিটি করপোরেশন নির্বাচনে ঢাকা উত্তর সিটিতে মোহাম্মদ সেলিম উদ্দিন এবং ঢাকা দক্ষিণ সিটিতে আবু সাদিক কায়েমকে মেয়র প্রার্থী হিসেবে নাম ঘোষণা করেছে জামায়াতে ইসলামী। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় মিডিয়া ও প্রচার বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, পরবর্তীতে কেন্দ্রীয়ভাবে একসাথে ১৩টি সিটি করপোরেশন নির্বাচনের মেয়র প্রার্থী ঘোষণা করা হবে। উত্তর সিটির মেয়র প্রার্থী মোহাম্মদ সেলিম উদ্দিন দলটির ঢাকা মহানগর উত্তরের আমির এবং দক্ষিণ সিটির মেয়র প্রার্থী সাদিক কায়েম ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি।
(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আটজন মারা গেছে

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আটজন মারা গেছেন। এদের মধ্যে ছয়জনই বিভিন্ন বয়সি নারী এবং বাকি দুইজন পুরুষ। সোমবার স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। যে আটজন মারা গেছেন, তাদের মধ্যে চারজন ঢাকায়, তিনজন চট্টগ্রামে এবং ময়মনসিংহে একজন মারা গেছেন। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এক হাজার ৭৩৩ জন। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, এ বছরের পহেলা জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ১৫৭ জন মারা গেছেন। একইসময়ে ৫৩ হাজার ৫৭০ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## ডাকসুতে জিন্নাহর ছবি টানানো, শিক্ষক মূল্যায়নসহ তিন ঘটনা তদন্তে তিন কমিটি

ডাকসু সংগ্রশালায় জিন্নাহ ও আব্দুল মালেকের ছবি টানানো, ওয়েবসাইট চালু করে শিক্ষক মূল্যায়ন এবং নির্ভীক জুলাই নামে স্মৃতিস্তম্ভ স্থাপনের ঘটনা তদন্তে পৃথক তিনটি তদন্ত কমিটি গঠন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী সাত কর্মদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ঢাবির জনসংযোগ দফতরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সার্বিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ১২ (৩) ধারা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ডাকসু সংগ্রহশালায় পাকিস্তানের প্রতিষ্ঠাতা মোহাম্মদ আলী জিন্নাহ ও ছাত্রসংঘ নেতা আব্দুল মালেকের আলোচিত ছবি টানানোর ঘটনা তদন্তে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) কে আহ্বায়ক করে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন আইন অনুষদের ডিন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন এবং প্রক্টর। বিশ্ববিদ্যালয়ের এস্টেট ম্যানেজার এই কমিটিতে সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া ডাকসু কর্তৃক 'ডিইউ ইভালুয়েশন' নামে ওয়েবসাইট চালুর বিষয়টি তদন্তের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) কে আহ্বায়ক করে ছয় সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া, সুনির্দিষ্ট আইন থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ডাকসু কর্তৃক কলাভবন সংলগ্ন ডাকসু ভবনের পশ্চিম পাশে ও কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে 'নির্ভীক জুলাই' নামের স্মৃতিস্তম্ভ স্থাপনের ঘটনা তদন্তে প্রো-ভাইস চ্যান্সেলর(প্রশাসন) কে আহ্বায়ক করে পাঁচ সদস্যবিশিষ্ট আরেকটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## 'ইরান সমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোর অবিরাম হামলায়' ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্টের নিন্দা

ইরান সমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোর মধ্যপ্রাচ্যে লাগাতার হামলার নিন্দা জানিয়েছেন ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স নেটওয়ার্কে তিনি লিখেছেন, "ইরানের প্রক্সিদের অবিরাম হামলার বিরুদ্ধে আমরা পারস্য উপসাগরে আমাদের অংশীদারদের পাশে আছি। এতে আমাদের সবার স্বার্থ জড়িত রয়েছে।" এদিকে, ইয়েমেনে যে-কোনো ধরনের হস্তক্ষেপের কথা অস্বীকার করেছে ইরান। অন্যদিকে, ইরান সমর্থিত হুথিরা সম্প্রতি সৌদি আরব সমর্থিত সরকারি বাহিনীকে পিছু হটিয়ে বড়ো ধরনের অগ্রগতি অর্জন করেছে।
(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## এআই এর বিরুদ্ধে একটা ষড়যন্ত্র চলছে, বললেন ট্রাম্প

অ্যানথ্রপিক নামক এআই কোম্পানির প্রধান দারিও আমোদি, কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির উন্নয়নের গতি আরো ধীরে করার আহ্বান জানানোর পর তাকে নিয়ে সমালোচনা করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেছেন, "এআই এবং ডেটা সেন্টারের বিরুদ্ধে একটি অসুস্থ ষড়যন্ত্র চলছে এবং এআই এর জন্য একমাত্র নিয়ন্ত্রণ বা গার্ডরেল হলো একজন শক্তিশালী ও বুদ্ধিমান প্রেসিডেন্ট।" এর আগে, দুইটি বড়ো এআই কোম্পানির প্রধান আমোদির এই আহ্বানকে সমর্থন জানিয়ে বলেছেন, "কিছু একটা মারাত্মকভাবে ভুল হওয়ার ঝুঁকি কমাতে" এই প্রযুক্তির উন্নয়ন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা উচিত। তারা আমোদিকে সমর্থনের পর এশিয়া, ইউরোপ এবং যুক্তরাষ্ট্রের টেক স্টক বা প্রযুক্তি খাতের শেয়ারের দাম কমে যায়।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

## ইরান যুদ্ধ ব্রিকস সম্পর্ক নতুন করে তৈরি করছে, যদিও বিভেদ এখনো আছে

এই সপ্তাহেই বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর কিছু ব্যক্তি দিল্লিতে একটি বিশাল বৃত্তাকার টেবিল ঘিরে একত্রিত হয়েছিলেন। সেই টেবিলে বসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেন, তার পাশে বসা নেতাদের উচিত প্রচলিত "নিয়মের অনুসারী" নয়, বরং "নিয়ম সৃষ্টিকারী" হয়ে ওঠা। তার কথা শুনছিলেন ব্রিকস জোটের সদস্যরা, যার মধ্যে ছিলেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, আবুধাবির যুবরাজ শেখ খালেদ বিন মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান এবং দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসা। তারা স্বাভাবিক অর্থে মিত্র নন। তাদের মধ্যে সীমান্ত বিরোধ, এমনকি সামরিক সংঘর্ষের ইতিহাসও রয়েছে। কয়েক বছর আগেই ২০২০ সালে ভারত ও চীন তাদের বিতর্কিত সীমান্তে প্রাণঘাতী সংঘর্ষে জড়িয়েছিল। মধ্যপ্রাচ্যের যুদ্ধে ইরান ও সংযুক্ত আরব আমিরাত বিপরীত অবস্থানে ছিল। এই সংঘাত বৈশ্বিক অর্থনীতিতে বড়ো ধরনের নেতিবাচক প্রভাব যখন তৈরি করছিল, তখন তেহরান তারই এক ব্রিকস সদস্য দেশের বিরুদ্ধে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছিল। ভারত যে এসব নেতাকে সরাসরি একত্র করতে পেরেছে, সেটা তাদের একটি উল্লেখযোগ্য অর্জন এবং তার কূটনৈতিক প্রভাবের প্রমাণ হিসাবে বিবেচনা করা যেতে পারে। সপ্তাহ শেষের এই সম্মেলনে দেশগুলোর নেতাদের ইরান যুদ্ধের প্রেক্ষাপটে নিজেদের সম্পর্ক পুনর্মূল্যায়নের একটি সুযোগও দিয়েছে। তবে নতুন বৈশ্বিক ব্যবস্থা কেমন হওয়া উচিত, সে বিষয়ে সবার একমত হওয়া এবং স্পষ্ট ও বাস্তব ফল অর্জন করা অনেক বেশি কঠিন কাজ। সেই টানাপড়েন পুরো শীর্ষ সম্মেলনজুড়ে টের পাওয়া গেছে।

### পশ্চিমা প্রভাবের পাল্টা ভারসাম্য

চীন, রাশিয়া ও ইরানের মতো সদস্যদের জন্য ব্রিকস যুক্তরাষ্ট্র ও পশ্চিম ইউরোপের প্রভাব কমানোর একটি বড়ো সুযোগ বা মাধ্যম। তবে ভারত ব্রিকসকে পশ্চিমবিরোধী জোট হিসেবে তুলে ধরতে আগ্রহী নয়। শীর্ষ সম্মেলনে মোদী নিজেই বলেছেন, এই জোট "কারও বিরুদ্ধে নয়"। দিল্লির জন্য এই পার্থক্য বেশ গুরুত্বপূর্ণ, কারণ ভারত পরস্পরের সঙ্গে বিরোধে জড়িয়ে থাকা দেশগুলোর সঙ্গেও সম্পর্ক বজায় রাখতে চায়। "এই জোটে এমন কিছু দেশ আছে, যারা এটিকে পশ্চিমবিরোধী রূপ দিতে চায়, কিন্তু এটি তা নয়," বলেন জ্যেষ্ঠ ভারতীয় কূটনীতিক ও সাবেক রাষ্ট্রদূত অনিল ত্রিগুনায়াত। তার মতে, ভারত যা অর্জন করেছে তা হলো "যুদ্ধের যুগে কৌশলগত স্বায়ত্তশাসনের" পক্ষে জোরালো অবস্থান এবং সদস্যদের মধ্যে "আরও বৃহত্তর সহযোগিতা বৃদ্ধির" উদ্যোগ।

### যৌথ ঘোষণার ভেতরে কী আছে?

সদস্যদের মধ্যে বিভাজন এত স্পষ্ট হওয়া সত্ত্বেও শীর্ষ সম্মেলনের নেতারা একটি যৌথ ঘোষণা দিতে সক্ষম হয়েছেন। এর আগে, চলতি বছরের শুরুতে ব্রিকস মন্ত্রীদের মধ্যে দুটি বৈঠক যৌথ বিবৃতি ছাড়াই শেষ হয়েছিল। এবার ঐকমত্যে পৌঁছানো গেছে, তবে সেটি হয়েছে সদস্যদের মধ্যে তীব্র মতবিরোধ থাকা বিষয়গুলো এড়িয়ে গিয়ে এবং খুব কম সমাধান তুলে ধরে। "নয়াদিল্লি ঘোষণা" শীর্ষ সম্মেলনের প্রথম দিন গৃহীত হয়। তবে এই ঘোষণায় যা বলা হয়েছে, তার চেয়ে লক্ষ্য করার বিষয় হলো, এতে কী বলা হয়নি। মধ্যপ্রাচ্যের যুদ্ধ নিয়ে ঘোষণায় "সর্বোচ্চ সংযম" প্রদর্শনের আহ্বান জানানো হয়েছে। এতে "বেসামরিক অবকাঠামো ও শান্তিপূর্ণ পারমাণবিক স্থাপনায় হামলার" নিন্দা জানানো হলেও কারও ওপর দায় আরোপ করা হয়নি। এতে (ইসরায়েল-ফিলিস্তিন ইস্যুতে) দুই-রাষ্ট্রভিত্তিক সমাধানের প্রতি সমর্থন পুনর্ব্যক্ত করা হয়েছে এবং ফিলিস্তিনিদের জোরপূর্বক স্থানচ্যুতি বা "দখলদারিত্বকে বৈধতা দেওয়া কিংবা দীর্ঘায়িত করতে পারে" এমন পদক্ষেপের বিরোধিতা করা হয়েছে, যা বিদ্যমান জাতিসংঘের প্রস্তাবের ভিত্তিতে সতর্কতার সঙ্গে উপস্থাপন করা হয়েছে। রাশিয়ার ইউক্রেন যুদ্ধের কোনো উল্লেখই এতে নেই, যা আগের ব্রিকস ঘোষণাগুলো থেকে বেশ আলাদা। বাণিজ্য নিয়েও একই ধরনের সতর্কতা দেখা গেছে। এতে "বাছবিচারহীনভাবে বৃদ্ধি পাওয়া শুল্ক" নিয়ে উদ্বেগের কথা বলা হয়েছে এবং একতরফা নিষেধাজ্ঞার নিন্দা করা হয়েছে, তবে যুক্তরাষ্ট্রের নাম উল্লেখ করা হয়নি। হয়ত সেটা ওয়াশিংটনের অসন্তোষ এড়ানোর চেষ্টা হতে পারে। ব্রিকসের বেশ কয়েকটি সদস্য দেশ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ক্ষুব্ধ করতে চায় না। এর আগে, ডোনাল্ড ট্রাম্প ব্রিকসের সদস্যভুক্ত দেশগুলোর কেন্দ্রীয় ব্যাংকের ডিজিটাল মুদ্রার মাধ্যমে নিজস্ব লেনদেনের মাধ্যমে বাণিজ্য করার মতো ব্রিকসের কিছু প্রস্তাবকে "আমেরিকা বিরোধী" বলে আখ্যা দিয়েছিলেন। "মধ্যপ্রাচ্যের সংঘাতের নিন্দা করলেও কোনো দেশের নাম উল্লেখ না করা ভারতের কূটনৈতিক রীতির একটি নমুনা বলা যেতে পারে," বলেন ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের জ্যেষ্ঠ বিশ্লেষক প্রবীণ দন্তি। তিনি আরও বলেন, "শুল্ক নিয়ে শক্ত অবস্থানের উল্লেখ দেখে আমি কিছুটা বিস্মিত হয়েছি। কারণ ভারত হয়ত এ বিষয়ে কম সরাসরি সম্পৃক্ত হতে চাইতে পারত। কিন্তু সম্ভবত তারা এর মাধ্যমে নিজেদের অসন্তোষ জানানোর একটি সুযোগ হিসাবে নিয়েছে।"

### শীর্ষ সম্মেলনের বাইরে

ট্রাম্পের বাণিজ্যিক হুমকি এবং মধ্যপ্রাচ্যের যুদ্ধের প্রভাবে বৈশ্বিক ব্যবস্থা পুনর্গঠন করা ব্রিকসের অনেক সদস্য দেশের জন্য জরুরি প্রয়োজন হয়ে উঠেছে। শীর্ষ সম্মেলন এমন কিছু বৈঠকের সুযোগ করে দিয়েছে, যা কয়েক মাস আগেও কল্পনা করা কঠিন ছিল। ইরানের প্রেসিডেন্ট পেজেশকিয়ান এবং আবুধাবির যুবরাজ একসঙ্গে আলোচনায় বসেছেন।

যুদ্ধ শুরুর পর থেকে দুই দেশের মধ্যে প্রকাশ্যে এটিই সর্বোচ্চ পর্যায়ের সরাসরি বৈঠক। এই সপ্তাহ তেহরানের জন্য এমন একটি সুযোগ এনে দিয়েছে যার মাধ্যমে তারা দেখাতে পেরেছে যে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক হামলা এবং অর্থনৈতিক চাপের মুখেও তারা একা নয়। যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা, ওয়াশিংটনের "অপারেশন ইকোনমিক আউটকাস্ট" এবং ইরানের বন্দরগুলোতে নৌ অবরোধের চাপ মোকাবিলা করতে গিয়ে পেজেশকিয়ান ব্রিকস সদস্য দেশগুলোর সঙ্গে, বিশেষ করে মালয়েশিয়া, ভারত ও ইথিওপিয়ার সঙ্গে, আরও গভীর অর্থনৈতিক সম্পর্কের পক্ষে জোর দিয়েছেন। চীনের ক্ষেত্রে, এটি ছিল প্রেসিডেন্ট শি জিনপিংয়ের গত সাত বছরে প্রথম দিল্লি সফর। ২০২০ সালের সীমান্ত বিরোধের পর থেকে ভারত ও চীনের মধ্যে গভীর অবিশ্বাস ছিল, তবে সেই উত্তেজনা কিছুটা কমেছে। দুই দেশের মধ্যে বড় বাণিজ্য ভারসাম্যহীনতাও রয়েছে, যেখানে ঘাটতি ব্যাপকভাবে চীনের পক্ষে। শি জিনপিং ও নরেন্দ্র মোদীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ করমর্দন হয়েছে, যদিও সেটি মোদীর বহুপরিচিত আলিঙ্গনের ধরন ছিল না। শি জিনপিং ২৪ ঘণ্টারও কম সময় ভারতে অবস্থান করেন এবং শনিবার রাতে নরেন্দ্র মোদীর আয়োজন করা নৈশভোজেও অংশ নেননি। তবু জটিল সম্পর্ক থাকা দুই দেশের জন্য এই সপ্তাহের শেষ অংশ ছিল একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত। সরকারি বিবরণ অনুযায়ী, দুই নেতা ব্যবসায়িক সম্পর্ক ও পরিবহণ সংযোগ জোরদার করা এবং বাণিজ্যের প্রতিবন্ধকতা দূর করার বিষয়ে একমত হয়েছেন। সাবেক রাষ্ট্রদূত অনিল ত্রিগুনায়াত মনে করেন, সাম্প্রতিক বছরগুলোতে সম্পর্কের মধ্যে যে ধীরে ধীরে উষ্ণতা তৈরি হয়েছে, এটি তারই অংশ। এতে বোঝা যায় যে, উভয়পক্ষের মধ্যে একসঙ্গে কাজ করার ইচ্ছা রয়েছে। তবে তা উল্লেখযোগ্য অগ্রগতি বয়ে আনবে কি না, তা দেখার জন্য এখনো অপেক্ষা করতে হবে। "আমি সবসময় বলি, আগে যাচাই করুন, তারপর বিশ্বাস করুন," তিনি বলেন।

**এরপর কী?**

এই শীর্ষ সম্মেলন দেখিয়েছে যে পশ্চিমা প্রভাবিত প্রতিষ্ঠানগুলোর বাইরে ব্রিকস প্রতিদ্বন্দ্বীদের মধ্যে কথা বলা ও কৌশল নির্ধারণের একটি পরিসর তৈরি করতে পারে। কঠিন প্রশ্ন হলো, এরপর কী হবে। সদস্যরা যে আগের যে-কোনো সময়ের চেয়ে বেশি নতুন একটি বৈশ্বিক ব্যবস্থার প্রয়োজনীয়তা অনুভব করছে, তা স্পষ্ট। কিন্তু সেটির বিকল্প কী হবে এবং সেখানে কীভাবে পৌঁছানো যাবে, তার উত্তর খুঁজে পাওয়া অবশ্য অনেক বেশি চ্যালেঞ্জিং।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## ইয়েমেনে সৌদি আরব এক নজিরবিহীন সংকটে পড়েছে : ইসরায়েলি গণমাধ্যম

ইসরায়েলি সংবাদপত্র 'ইসরায়েল হায়োম' লিখেছে যে, পূর্বে হরমুজ প্রণালি, দক্ষিণে বাব আল-মান্দেব প্রণালি এবং লোহিত সাগরে যাওয়ার স্থলপথের ওপর একযোগে হুমকির কারণে সৌদি আরব এক নজিরবিহীন সংকটে পড়েছে, কারণ সবগুলো রুটই দেশটির তেল রপ্তানির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পথ। ইরনা-কে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইসরায়েল হায়োম সংবাদপত্র বলেছে, ইয়েমেনের আনসারুল্লাহর মোকাবিলা এবং বাব আল-মান্দেব অঞ্চলে তাদের অগ্রযাত্রা থামাতে সৌদি আরবের সাহায্যের অনুরোধ ওয়াশিংটন প্রত্যাখ্যান করার পর রিয়াদের ওপর চাপ বেড়েছে। ইসরায়েলি দৈনিকটি জানিয়েছে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইয়েমেনে সরাসরি সামরিক হস্তক্ষেপের জন্য সৌদি আরবের অনুরোধে সাড়া দেননি। ইসরায়েল হায়োমের মতে, এই পরিস্থিতি পারস্য উপসাগরীয় দেশগুলোকে বিকল্প খুঁজতে বাধ্য করেছে। পত্রিকাটি উল্লেখ করেছে যে, এ অঞ্চলের দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রী এবং তাদের ইরানি প্রতিপক্ষ আব্বাস আরাকচির মধ্যে ওমানে আসন্ন বৈঠকটি এই কাঠামোর মধ্যেই অনুষ্ঠিত হবে। ইসরায়েল হায়োম আরও লিখেছে, হরমুজ প্রণালিতে সামুদ্রিক পরিবহণ বিষয়ে অস্থায়ী চুক্তিতে পৌঁছানোর জন্য ওমান ও ইরানের প্রচেষ্টা থেকে বোঝা যায় পারস্য উপসাগরীয় দেশগুলো বেশ চাপের মধ্যে আছে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ নারগীস)

## আইআরজিসি যুক্তরাষ্ট্রের একটি উন্নত এমকিউ-১ ড্রোন ধ্বংস করেছে

ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী বা আইআরজিসি এক বিবৃতিতে হরমুজ প্রণালীর উপর একটি উন্নত এমকিউ-১ ড্রোন ধ্বংস করার ঘোষণা দিয়েছে। আইআরএনএ-কে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, আইআরজিসি এক বিবৃতিতে বলেছে, সোমবার সকালে, হরমুজ প্রণালির উপর ইরানের সমন্বিত বিমান প্রতিরক্ষা নেটওয়ার্কের নিয়ন্ত্রণে থাকা আইআরজিসির নতুন উন্নত মহাকাশ প্রতিরক্ষা ব্যবস্থা দ্বারা একটি উন্নত এমকিউ-১ ড্রোনকে বাধা দেওয়া ও ধ্বংস করা হয়েছে। এর আগে, আইআরজিসির নৌবাহিনী ১০ সেপ্টেম্বর এক বিবৃতিতে জানিয়েছিল, তারা কৌশলগত হরমুজ প্রণালির প্রবেশপথে ৫৮৩৮ নম্বর হাল এবং "সিল-ড্রোন" ধরনের একটি শত্রু মনুষ্যবিহীন বিমান (ড্রোন) (ইউএভি) আঘাত হেনেছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ নারগীস)

## হরমুজ প্রণালিতে আইন লঙ্ঘনকারী নৌযানগুলোর বিষয়ে ইরানের সতর্কবার্তা

পারস্য উপসাগরের জলপথ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (পিজিএসএ) অবৈধ কর্মকাণ্ডে জড়িত নৌযানগুলোর সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে সতর্ক করে বলেছে, এসব নৌযানকে কোনো ধরনের সেবা প্রদান থেকে বিরত থাকতে হবে। পার্সটুডে পিজিএসএ'র পূর্ণ বার্তাটি তুলে ধরেছে। সেখানে বলা হয়েছে, অবৈধ কর্মকাণ্ডে জড়িত নৌযানগুলোর তালিকা

হালনাগাদ করা হয়েছে। বীমা কোম্পানি, পিএন্ডআই ক্লাব (সুরক্ষা ও ক্ষতিপূরণ ক্লাব) এবং সংশ্লিষ্ট অন্য প্রতিষ্ঠানগুলোকে এই বলে সতর্ক করা হচ্ছে যে, এসব নৌযানের সঙ্গে সম্পর্কের কারণে তারাও ক্ষতির মুখে পড়বে। সম্ভাব্য পরিণতি থেকে নিজেদের সুরক্ষিত রাখতে সেসেব নৌযানকে কোনো ধরনের সেবা প্রদান থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৯.২০২৬ নারগীস)

## এনএইচকে

### কানাডাকে ইইউ-র 'সহযোগী সদস্য' করার বিষয়টি বিবেচনা করছেন কার্নি : ডব্লিউএসজে

যুক্তরাষ্ট্রের একটি প্রধান সংবাদপত্র জানিয়েছে যে, কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি ইউরোপীয় ইউনিয়নের পূর্ণ সদস্য না হয়েই দেশটির সঙ্গে একটি নতুন ও গভীরতর অর্থনৈতিক সম্পর্ক স্থাপনের কথা বিবেচনা করছেন। যুক্তরাষ্ট্রের সঙ্গে কানাডার সম্পর্ক অবনতির প্রেক্ষাপটে তিনি এই উদ্যোগ নিয়েছেন। ওয়াল স্ট্রিট জার্নাল শনিবার জানিয়েছে যে, কার্নি ইইউ নেতাদের কাছে কানাডাকে এই জোটের "সহযোগী সদস্য" হিসেবে নতুন মর্যাদা গ্রহণের প্রস্তাব দিয়েছেন। ওয়াল স্ট্রিট জার্নালের বিশেষ প্রতিবেদনটিতে বলা হয়, কার্নি প্রায়শই ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রনের সাথে কথা বলেছেন এবং সেই আলোচনা থেকেই কানাডীয় নাগরিকদের জন্য ভিসা ছাড়াই ইউরোপে বসবাস ও কাজ করার সুযোগ দেওয়ার ধারণাটি সামনে এসেছে। প্রতিবেদনে আরও বলা হয়, দুইপক্ষ ইউরোপ ও কানাডাকে সংযুক্ত করার জন্য সমুদ্রতলদেশীয় ক্যাবল নেটওয়ার্ক স্থাপনের বিষয়েও আলোচনা করছে। অন্যান্য পরিকল্পনার মধ্যে মার্কিন নেতৃস্থানীয় প্রযুক্তি কোম্পানিগুলোর নিয়ন্ত্রণের বাইরে যৌথভাবে ডাটা সেন্টার, ক্লাউড স্টোরেজ এবং নতুন স্যাটেলাইট নেটওয়ার্ক গড়ে তোলার বিষয়টিও রয়েছে বলে জানা গেছে। উল্লেখ্য, কানাডা যুক্তরাষ্ট্রের সাথে অন্যায্য আচরণ করছে বলে দাবি জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগস্ট মাসে কানাডীয় পণ্যের আমদানির উপর ৫০ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপ করেন। এর ফলে ওয়াশিংটনের সাথে দ্বিপাক্ষিক উত্তেজনা তীব্রতর হয়ে ওঠার পটভূমিতে নতুন এই পরিকল্পনা গ্রহণ করলেন কার্নি। (এনএইচকে ওয়েব পেজঃ ১৪.০৯.২০২৬ রুবাইয়া

## ডয়চে ভেলে

### বাংলাদেশে অধিকাংশ কর্মকর্তা চোর, বিচার হয় না : স্পিকার

রোববার বিকেলে ভোলায় এক অনুষ্ঠানে বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, "'আমাদের...অদ্ভুত দেশ! অধিকাংশ সরকারি কর্মকর্তা চোর। এগুলো নানা ধরনের ঘুষখোরি, লুটপাট এসব করে, যার ফলে মানুষের জীবনে নাভিশ্বাস উঠেছে।" ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, হাফিজ উদ্দিন আহমদ বলেন, "যে-সব অন্যায়-অবিচারের বিচার সব দেশে জনগণের চাওয়া ছাড়াই হয়। বাংলাদেশে দিনরাত কান্নাকাটি, বছরের পর বছর কান্নাকাটি করেও এই অপরাধের কোনো বিচার তাদের হয় না।" অনুষ্ঠানে স্পিকার বলেন, "আওয়ামী লীগের নেতা, মন্ত্রী, প্রধানমন্ত্রী- এগুলো দেশের সর্বনাশ করে দিয়েছে লুটপাট করে। আওয়ামী লীগ আমলের একটা প্রতিমন্ত্রী জাবেদ (সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী); তার ৩৬০টা বাড়ি পাওয়া গেছে লন্ডনেই। দুবাইয়ে বাড়ি আছে, আমেরিকায় বাড়ি আছে। সব বাংলাদেশের সম্পদ, আপনার-আমার টাকা, জনগণের টাকা লুণ্ঠন করে তারা এভাবে নিয়ে গেছে। তিনি বলেন, এখনো প্রশাসনে তাদের বেশ কিছু লোক বসে আছে, যে জন্য প্রকৃত চিত্র এখনো জনগণের কাছে ভালোভাবে পৌঁছাচ্ছে না।" ভারতের প্রতি ইঙ্গিত করে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, "বাংলাদেশ ভালো থাকুক, সেটা প্রতিবেশী রাষ্ট্র চায় না। তিনি বলেন, তারা আমাদেরকে একটা করদ রাজ্য বানাবার চেষ্টা করছে।" হাফিজ উদ্দিন আহমদ বলেন, "আগের (আওয়ামী লীগ) সরকার ১৬-১৭ বছরে বাংলাদেশের মানুষের স্বার্থ না দেখে, ওই প্রতিবেশীর স্বার্থই দেখেছে। অনেকগুলো অসম চুক্তি করেছে, যে চুক্তির ফলে বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে।" স্পিকার বলেন, "তারা (ভারত) অনেক মালামাল আমাদের ভূমির ওপর দিয়ে নিয়ে যায়। এই মালামালের জন্য যে শুল্ক দেওয়া উচিত, তা তারা সঠিকভাবে দেয় না।"

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১৪.০৯.২০২৬ রনি)

### ৮ দিনে ঢাকা মেডিকেলে আনা পাঁচ কারাবন্দির মৃত্যু

কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল (ঢামেক)-এ আনা আরেক বন্দিকে মৃত ঘোষণা করা হয়েছে। এর ফলে গত ৬ সেপ্টেম্বর থেকে ঢামেকে আনা অন্তত পাঁচজন কারাবন্দির মৃত্যু হলো। আজ সোমবার মৃত্যুবরণ করা কারাবন্দির নাম মো. রফিকুল ইসলাম (৫৪)। তিনি কোন মামলায় কারাবন্দি ছিলেন, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি। তার গ্রামের বাড়ি কুড়িগ্রামে। বাবার নাম মো. রজব আলী। কারাগার কর্তৃপক্ষ বলছে, রফিকুল কারাগারে অসুস্থ হয়ে পড়েছিলেন। অসুস্থ অবস্থায় তাকে আজ সকালে ঢামেক হাসপাতালে পাঠানো হয়। হাসপাতাল সূত্র বলছে, রফিকুলকে জরুরি বিভাগে আনা হয়েছিল। পরীক্ষা-নিরীক্ষা শেষে সকাল ৯টা ২৫ মিনিটের দিকে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ঢামেক হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. হাবিবুর রহমান ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, মরদেহের ময়নাতদন্ত হবে। এ জন্য মরদেহ কলেজের মর্গে পাঠানো হয়েছে। এর আগে, গত ৭ সেপ্টেম্বর ঢামেক হাসপাতালের জরুরি বিভাগে আলী আকবর মণ্ডল (৬৭) নামের এক কারাবন্দি মারা যান। তিনি কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগারে ছিলেন। এর আগের দিন ৬ সেপ্টেম্বর সকাল

৭টা ২৫ মিনিট থেকে ৯টা ৫ মিনিট, অর্থাৎ মাত্র এক ঘণ্টা ৪০ মিনিটের মধ্যে ঢামেক হাসপাতালে তিনজন কারাবন্দির মৃত্যু হয়েছিল। তাদেরও কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে হাসপাতালে আনা হয়েছিল। ৬ সেপ্টেম্বর এক ঘণ্টা ৪০ মিনিটের মধ্যে মারা যাওয়ারা হলেন আবুল বাশার (৫৮), আবদুল কাইয়ম (৬২) ও মো. শাহাদত হোসেন লিটন (৫২)। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ রবি)

## যুক্তরাষ্ট্রের সমালোচনা করে ফ্রান্সের দুঃখ প্রকাশ

মানবাধিকার ইস্যুতে যুক্তরাষ্ট্রের সমালোচনা করে সোশ্যাল মিডিয়ায় দেওয়া একটি বার্তার জন্য দুঃখ প্রকাশ করেছে ফ্রান্স। জাতিসংঘে ফ্রান্সের স্থায়ী মিশন বিষয়টি নিশ্চিত করেছে। সম্প্রতি জাতিসংঘে মানবাধিকার বিষয়ক প্রধান ফলকার টুর্ক-এর মেয়াদ বাড়ানোর বিপক্ষে রাশিয়া ও উত্তর কোরিয়ার মতো কয়েকটি দেশ ভোট দেয়। যুক্তরাষ্ট্রও যোগ দেয় তাদের সঙ্গে। গত জুলাই মাসের শেষের দিকে এ কারণে যুক্তরাষ্ট্রের সমালোচনা করে সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ ফ্রান্সের মিশন একটা পোস্ট দিলে ক্ষুব্ধ হয় ওয়াশিংটন। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে ফ্রান্স বক্তব্য রাখার সময় যুক্তরাষ্ট্রের প্রতিনিধিরা সভা থেকে বেরিয়ে যান। বিভিন্ন সূত্রের মাধ্যমে বার্তা সংস্থা রয়টার্স জানতে পারে, এক্স-এ দেওয়া সেই বার্তার প্রতিক্রিয়ায় এমনকি ওয়াশিংটনে ফ্রান্সের রাষ্ট্রদূত হিসেবে মনোনীত পরবর্তী প্রার্থীকে আটকে দেওয়ার বিষয়টিও বিবেচনায় নিয়েছিল যুক্তরাষ্ট্রের সরকার। এ পরিস্থিতিতে দুঃখ প্রকাশ করে দেওয়া এক বিবৃতিতে জাতিসংঘে ফ্রান্সের স্থায়ী মিশন বলেছে, "জেনেভায় জাতিসংঘের কাছে ফ্রান্সের স্থায়ী মিশন ২৫ জুলাই এক্স-এ মানবাধিকারের প্রতি যুক্তরাষ্ট্রের প্রতিশ্রুতি নিয়ে প্রশ্ন তুলে প্রকাশ করা সেই বার্তার জন্য দুঃখ প্রকাশ করছে।" ওয়েবসাইটে প্রকাশ করা বিবৃতিতে আরো বলা হয়, মতপার্থক্যের বিষয়টি ছিল "নির্দিষ্ট একটি ভোটকে কেন্দ্র করে, মানবাধিকার রক্ষার বিষয় নিয়ে নয়।" এ বিষয়ে আর কোনো মন্তব্য করতে রাজি হয়নি ফ্রান্সের পররাষ্ট্র মন্ত্রণালয়। তবে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের এক কর্মকর্তা রয়টার্সকে বলেছেন, "আমরা ফ্রান্সের বিবৃতিটি লক্ষ্য করেছি এবং এর প্রশংসা করছি। অভিন্ন মূল্যবোধ ও স্বার্থ সমুন্নত রাখতে আমরা তাদের সঙ্গে মিলে কাজ করার আশা রাখছি।" এদিকে, ফ্রান্সের দৈনিক 'ল্য মোন্দে' এক প্রতিবেদনে বলেছে, দুঃখ প্রকাশের ফলে ওয়াশিংটনে ফ্রান্সের মনোনীত পরবর্তী রাষ্ট্রদূত অরেলিয়েঁ লেশেভালিয়ের নিয়োগ অনুমোদনের পথ প্রশস্ত হতে পারে। সেপ্টেম্বরের মধ্যেই তাকে ওয়াশিংটনে পাঠাতে চেয়েছিল ফ্রান্স। কিন্তু ২৫ জুলাই এক্স-এ সেই পোস্ট দেওয়ার পর থেকে এতদিন তার নিয়োগ-প্রক্রিয়া এগোয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ রবি)

## ইরানকে সাহায্য করেছে চীন, দাবি নস্যাৎ করলেন ট্রাম্প

ইরানকে উপগ্রহ ছবি দিয়ে সাহায্য করেছে চীন, এই দাবি রোববার উড়িয়ে দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। জুলাই মাসে জর্ডানে মুওয়াফাক সালটি বিমান বাহিনীর ঘাঁটিতে আক্রমণ করে ইরান। এটা আমেরিকার বিমান বাহিনীর ঘাঁটি। ইরানের আক্রমণে তিন মার্কিন সেনা নিহত হয়েছিলেন। আয়ারল্যান্ড থেকে ফেরার সময় ট্রাম্প সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলেন, "চীনের গোয়েন্দারা যেমন আমাদের গতিবিধির উপর নজর রাখে, আমরাও চীনের গতিবিধির উপর নজর রাখি।" আগামী ২৪ সেপ্টেম্বর হোয়াইট হাউসে ট্রাম্প শি জিনপিং-এর বৈঠক হওয়ার কথা। যদিও চীনের পক্ষ থেকে এই বৈঠকের ইঙ্গিত পাওয়া যায়নি। রোববার ট্রাম্প জানান, তার সঙ্গে শি-এর সম্পর্ক মোটের উপর ভালো। বিশ্লেষকদের মতে, এই বৈঠকের আগে চীনের সঙ্গে সম্পর্ক খারাপ করতে চাইছেন না ট্রাম্প।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ রবি)

## নারী এশিয়া কাপ ক্রিকেট জিতেও ট্রফি নিলো না ভারত

মেয়েদের এশিয়া কাপ ক্রিকেটের ফাইনালে শ্রীলঙ্কাকে ৭২ রানে হারালো ভারত। কিন্তু তারপর তারা ট্রফি নিলো না। এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি)-র চেয়ারম্যান পাকিস্তানের মহসিন নাকভির হাত থেকে ট্রফি নিতে চায়নি তারা। ম্যাচের পর ভারতের নারী ক্রিকেটাররা পুরস্কার-মঞ্চের কাছে আসেননি। ম্যাচ জেতার পর তারা দূরে গিয়ে বিজয়োৎসব পালন করেন। সেখানে তাদের সঙ্গে যোগ দেন ভারতের ক্রিকেট বোর্ড বিসিসিআই-এর দুই কর্মকর্তা দেবজিৎ শইকিয়া ও রাজীব শুক্ল। পরে কোচ অমল মুজুমদার বলেন, "ভারতীয় নারী দল আনুষ্ঠানিকভাবে এশিয়া কাপ চ্যাম্পিয়ন হয়েছে। ট্রফি পাওয়া বা না পাওয়াটা আমাদের কাছে গুরুত্বপূর্ণ নয়। এটাই হলো বিসিসিআই-এর অবস্থান। এই বিষয়ে আমরা আর কিছু বলবো না।" গত বছর ভারতের পুরুষ দলও এশিয়া কাপ জিতেছিল। কিন্তু পহেলগাম কাণ্ডের প্রতিবাদে তারা নাকভির হাত থেকে ট্রফি ও মেডেল নেয়নি। মহসিন নাকভি পাকিস্তান ক্রিকেট বোর্ডের প্রধান ও সেদেশের স্বরাষ্ট্রমন্ত্রী। সূর্যকুমার যাদবের নেতৃত্বাধীন পুরুষ ক্রিকেট দল সেখানে বিজয়োৎসব পালন করেছিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ রবি)

# জাগো নিউজ

## প্রধানমন্ত্রীর নিরাপত্তা বেষ্টনীতে ঢোকার চেষ্টা : যুবকের জামিন মেলেনি

প্রধানমন্ত্রী তারেক রহমানের নিরাপত্তা বেষ্টনীতে ঢোকার চেষ্টার অভিযোগে সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায় গ্রেফতার বাইকচালক মুহিবুল্লাহ মুবিনের জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। ফলে আপাতত কারাগারেই থাকতে হচ্ছে তাকে। সোমবার (১৪ সেপ্টেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলাম

উভয়পক্ষের শুনানি শেষে এ আদেশ দেন। আদালতে মুবিনের পক্ষে জামিনের আবেদন করেন আইনজীবী রবিউল আলম জুয়েল। শুনানিতে তিনি বলেন, তার মক্কেল নির্দোষ। নাশকতা বা সন্ত্রাসী কর্মকাণ্ডের কোনো উদ্দেশ্য তার ছিল না। আবেগের বশে প্রধানমন্ত্রীর সঙ্গে সেলফি তোলার উদ্দেশ্যেই তিনি নিরাপত্তা এলাকায় প্রবেশের চেষ্টা করেছিলেন। রিমান্ডে জিজ্ঞাসাবাদ করেও তার কাছ থেকে কোনো তথ্য পাওয়া যায়নি দাবি করে যে কোনো শর্তে জামিন দেওয়ার আবেদন করেন তিনি। এ সময় রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করে। পরে উভয়পক্ষের বক্তব্য শুনে আদালত জামিন আবেদন নামঞ্জুর করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## দুদকের তলবে হাজির হননি সাবেক সেনাপ্রধান শফিউদ্দিন

বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধানে সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) এস এম শফিউদ্দিন আহমেদকে তলব করেছিল দুর্নীতি দমন কমিশন (দুদক)। এদিন দুদকের তলবে হাজির না হয়ে ৩০ দিনের সময় চেয়েছেন তিনি। আজ দুপুর সাড়ে ১২টায় তাকে দুদকের প্রধান কার্যালয়ে হাজির হওয়ার কথা ছিল। সোমবার (১৪ সেপ্টেম্বর) দুদকের জনসংযোগ বিভাগের উপপরিচালক আকতারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, সোমবার দুদকের প্রধান কার্যালয় রাজধানীর সেগুনবাগিচায় শফিউদ্দিন আহমেদের হাজির হয়ে বক্তব্য দেওয়ার কথা ছিল। তবে তিনি ৩০ দিনের সময় চেয়েছেন। এখন আইন অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেবে দুদক। এর আগে দুদকের পরিচালক মো. আবুল হাসনাত স্বাক্ষরিত নোটিশে দুপুর সাড়ে ১২টায় কমিশনের প্রধান কার্যালয়ে হাজির হতে বলা হয়। একই সঙ্গে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) ফটোকপি সঙ্গে আনতে বলা হয়। ওই নোটিশে বলা হয়, সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে অভিযোগের বিষয়ে তার বক্তব্য শোনা ও তা রেকর্ড করা 'অপরিহার্য'। দুদক সূত্র জানায়, জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদের বিরুদ্ধে ওঠা অভিযোগের অনুসন্ধান শুরু হয় ২০২৫ সালের ১৪ ডিসেম্বর। দুদকের পরিচালক মো. আবুল হাসনাতের নেতৃত্বে একটি দল অভিযোগের অনুসন্ধান করছে। দুদক কর্মকর্তারা জানিয়েছেন, অভিযোগগুলো এখনো অনুসন্ধান পর্যায়ে রয়েছে। অনুসন্ধান শেষে সংশ্লিষ্ট দল কমিশনের কাছে প্রতিবেদন দেবে। অভিযোগের পক্ষে তথ্য-প্রমাণ পাওয়া গেলে মামলা করার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে কমিশন। আর অভিযোগের সত্যতা পাওয়া না গেলে অনুসন্ধানটি বন্ধ করে দেওয়া হতে পারে। জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ ২০২১ সালের ২৪ জুন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব নেন। তিনি জেনারেল আজিজ আহমেদের স্থলাভিষিক্ত হন। আওয়ামী লীগ সরকারের সময়ে তিন বছর সেনাপ্রধানের দায়িত্ব পালনের পর ২০২৪ সালের ২৩ জুন অবসরে যান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## গ্যাস-বিদ্যুৎ সংকট সমাধানে ৫ এলএনজি টার্মিনাল, ৩০০ কূপ খননের পরিকল্পনা

বিদ্যুৎ, গ্যাস, জ্বালানি ও খনিজ সম্পদ খাত নিয়ে সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা ব্যবসায়ী নেতাদের সামনে তুলে ধরা হয়েছে। ২০২৮ সাল শুরু হওয়ার আগেই তৃতীয় এফএসআরইউ (ভাসমান এলএনজি টার্মিনাল) সম্পৃক্ত করার পাশাপাশি পর্যায়ক্রমে পাঁচটি এফএসআরইউ স্থাপনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। সোমবার (১৪ সেপ্টেম্বর) প্রধানমন্ত্রীর সঙ্গে ব্যবসায়ী সংগঠনগুলোর মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। মাহদী আমিন বলেন, 'বিদ্যুৎ, গ্যাস, জ্বালানি এবং খনিজ সম্পদ নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বিদ্যুৎ এবং জ্বালানি প্রতিমন্ত্রী এরই মধ্যে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দিয়েছেন এবং সরকারের দুই বছর, পাঁচ বছর এবং ১০ বছর মেয়াদি অর্থাৎ স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি, দীর্ঘমেয়াদি যে পরিকল্পনা রয়েছে বিদ্যুৎ এবং গ্যাসের ক্ষেত্রে সেটি বিস্তারে উপস্থাপন করা হয়েছে।' তিনি বলেন, 'আমরা যদি উদাহরণ হিসেবে দেখি, গ্যাসের ক্ষেত্রে আমরা এরই মধ্যে জানি যে, দুটো এফএসআরইউ থাকার কারণে আমাদের একটা ডিপেন্ডেন্স তৈরি হয়েছে এবং তার মাঝে একটা দীর্ঘদিন ধরে নষ্ট ছিল। বর্তমান সরকার শুধু সেটি রিপেয়ারই করছে না, সামনের দিনগুলোতে কীভাবে এফএসআরইউ সংখ্যা বাড়ানো যায়, প্রাথমিকভাবে তিনটি এবং তারপর আরও দুটি অর্থাৎ পাঁচটি করে দেওয়া যায়, সেজন্য একটা কার্যকর লক্ষ্যে কাজ শুরু হচ্ছে। আগামী ২০২৮ সাল শুরুর আগেই চেষ্টা করা হচ্ছে তৃতীয় এফএসআরইউটা সম্পৃক্ত করার জন্য, যার মাধ্যমে আমাদের গ্যাসের সমস্যার সমাধান হবে।' (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## মতিঝিলে ইসলামী ব্যাংকের সামনে দুই পক্ষের সংঘর্ষ

রাজধানীর মতিঝিলে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির প্রধান কার্যালয়ের সামনে চাকরিচ্যুত কর্মকর্তা-কর্মচারী ও সচেতন গ্রাহক ফোরামের সদস্যদের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের অন্তত ৫৫ জন আহত হয়েছেন বলে দুইপক্ষের নেতারা দাবি করেছেন। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৭টার দিকে ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, এস আলমের সময়ে নিয়োগ পাওয়া চাকরিচ্যুত কর্মকর্তা-কর্মচারীরা চাকরিতে পুনর্বহালের দাবিতে সকালে ব্যাংকের সামনে অবস্থান নেন। কিছুক্ষণ পর সেখানে সচেতন গ্রাহক ফোরামের সদস্যরা অবস্থান নিলে দুইপক্ষের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। একপর্যায়ে উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। পরে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সচেতন গ্রাহক ফোরামের সভাপতি নুর উন নবী মানিক দাবি করেন, তাদের অন্তত ৩০ জন আহত হয়েছেন। এর মধ্যে পাঁচজন গুরুতর আহত হয়েছেন। আহত অন্যরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাসায় ফিরেছেন। তিনি বলেন, 'অবৈধভাবে নিয়োগ পাওয়া ব্যক্তিদের সঙ্গে

ব্যাংকের কোনো সম্পর্ক নেই। ব্যাংকটিকে নতুন করে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের অংশ হিসেবে তারা অবস্থান নিয়েছেন। আমরা শান্তিপূর্ণ কর্মসূচি পালন করছিলাম। এ সময় পুলিশের ছত্রছায়ায় আমাদের ওপর হামলা চালানো হয়েছে।' হামলার সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানান তিনি। অন্যদিকে চাকরিচ্যুত কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে শহিদুল ইসলাম দাবি করেন, তাদের ২০ থেকে ২৫ জন আহত হয়েছেন। তাদের কয়েকজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি বলেন, 'আমরা দ্বিতীয় দিনের মতো ব্যাংকের সামনে অবস্থান কর্মসূচি পালন করছিলাম। সেখানে আসার প্রায় ২০ মিনিটের মধ্যে গ্রাহক ফোরামের সদস্যরা আমাদের ওপর হামলা চালান। পরে পুলিশ আমাদের সরিয়ে দেয়। হামলায় ২০ থেকে ২৫ জন আহত হয়েছেন।' এদিকে ঘটনার বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মতিঝিল বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মহসীন আল মুরাদ বলেন, 'সকালের ঘটনার বিষয়ে আমি জানি না। বর্তমানে চাকরিচ্যুত কর্মকর্তা-কর্মচারীরা বাংলাদেশ ব্যাংকের সামনে অবস্থান করছেন। বাংলাদেশ ব্যাংক কেপিআইভুক্ত প্রতিষ্ঠান হওয়ায় তাদের সেখান থেকে চলে যেতে বলা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এড়াতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রস্তুত রয়েছে।'
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## হারানো অস্ত্রের তথ্য দিলে গোপনে পুরস্কার দেবে র‍্যাব

চট্টগ্রামে হারিয়ে যাওয়া সরকারি অস্ত্রের সন্ধান দিতে জনগণের সহযোগিতা চেয়েছে র‍্যাব। অস্ত্রের তথ্য দিয়ে উদ্ধারে সহযোগিতা করলে গোপনে পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছে সংস্থাটি। সোমবার (১৪ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে নগরের চান্দগাঁওয়ে র‍্যাব-৭ এর মিডিয়া সেন্টারে আয়োজিত মতবিনিময় সভায় র‍্যাব-৭-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. মোস্তাফিজুর রহমান এ তথ্য জানান। তিনি বলেন, চট্টগ্রামে হারিয়ে যাওয়া সরকারি অস্ত্রের প্রায় ৮৪ শতাংশ এরই মধ্যে উদ্ধার করা হয়েছে। বাকি ১৬ শতাংশ অস্ত্র এখনো উদ্ধার করা সম্ভব হয়নি। এসব অস্ত্র উদ্ধার না হওয়া পর্যন্ত তা সমাজের জন্য ঝুঁকিপূর্ণ। র‍্যাব-৭ অধিনায়ক বলেন, হারিয়ে যাওয়া অস্ত্র উদ্ধারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে র‍্যাবের নেতৃত্বে বিশেষ কার্যক্রম নেওয়া হয়েছে। কারও কাছে এমন অস্ত্র থাকলে তা র‍্যাবের কাছে পৌঁছে দেওয়ার আহ্বান জানান তিনি। তিনি বলেন, যাদের কাছে অস্ত্র রয়েছে, তাদের সবাই অপরাধী এমন নন। বিভিন্নভাবে অনেকের কাছে অস্ত্র চলে আসতে পারে। কেউ অস্ত্রটি কোথায় বা কীভাবে জমা দেবেন, তা নিয়ে ভয় পেতে পারেন। তাদের জন্য এটি একটি সুযোগ। গোপনে অস্ত্রের তথ্য দিলে বা উদ্ধারে সহযোগিতা করলে পুরস্কার দেওয়া হবে। পরিত্যক্ত অবস্থায় অস্ত্র পাওয়া গেলেও সেটি নিজে বহন না করে র‍্যাবকে জানানোর অনুরোধ করেন তিনি। তথ্য পেলে র‍্যাবের সদস্যরা গিয়ে অস্ত্রটি উদ্ধার করবেন বলেও জানান। মতবিনিময় সভায় সম্প্রতি অপহরণের অভিযোগের অপব্যবহার নিয়েও উদ্বেগ প্রকাশ করেন র‍্যাব-৭ অধিনায়ক।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## ডোপ টেস্ট পজিটিভ আসায় পুলিশ সুপার সাময়িক বরখাস্ত

ডোপ টেস্টে বেনজোডায়াজেপিনস ও অ্যামফিটামিন/মেথঅ্যামফিটামিন পজিটিভ আসায় পুলিশ সদর দপ্তরের পুলিশ সুপার (টিআর) আ ফ ম নিজাম উদ্দিনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। গত ১০ সেপ্টেম্বর প্রজ্ঞাপনটি স্বাক্ষরিত হয়। এতে বলা হয়, পুলিশ সুপার আ ফ ম নিজাম উদ্দিন বর্তমানে রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত। চলতি বছরের ৮ জানুয়ারি মিরপুর সেনানিবাসে অনুষ্ঠিত ডিএসসিএসসি-২০২৬ কোর্সে অংশ নিতে পুলিশ সদর দপ্তর থেকে তিনি প্রস্থান করেন। কোর্স চলাকালে গত ৭ জুন অসুস্থ হয়ে পড়লে তাকে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) পাঠানো হয়। বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার অংশ হিসেবে তার ডোপ টেস্ট করা হয়। পরীক্ষায় Urine Benzo Diazepines (BZO) এবং Amphetamine/Methamphetamine Positive পাওয়া যায়। আদেশে বলা হয়েছে, ডোপ টেস্টের এই ফলাফল ডিএসসিএসসি কোর্সের শৃঙ্খলার পরিপন্থি। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী এটি অসদাচরণ হিসেবে শাস্তিযোগ্য অপরাধ। এ কারণে একই বিধিমালার বিধি অনুযায়ী ৩১ আগস্ট থেকে পুলিশ সুপার আ ফ ম নিজাম উদ্দিনকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। আদেশে আরও বলা হয়েছে, সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## ঢাকায় আওয়ামী লীগের আরও ৩২ নেতাকর্মী গ্রেফতার

ঢাকার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ৩২ নেতাকর্মীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। সোমবার (১৪ সেপ্টেম্বর) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের উপ-পুলিশ কমিশনার মো. আকতার হোসেন এ তথ্য জানানো হয়। তিনি জানান, গতরাতে রাজধানীর বিভিন্ন এলাকায় পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে

গ্রেফতারদের পরিচয়, কোন কোন এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ কী- এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে বিস্তারিত তথ্য জানা যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## সিলেটে একদিনে হাম উপসর্গে চার শিশুর মৃত্যু

সিলেটে হাম উপসর্গ নিয়ে একদিনে চার শিশুর মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এবং শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়। এ নিয়ে হাম ও হামের উপসর্গে ১৬৪ জনের মৃত্যু হলো। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে সিলেট বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় থেকে পাঠানো এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। মারা যাওয়া শিশুদের মধ্যে সিলেটের দুইজন, সুনামগঞ্জের একজন ও হবিগঞ্জের একজন। তাদের মধ্যে তিনজন সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ও একজন শহিদ শামসুদ্দিন আহমদ হাসপাতালে মারা যায়। স্বাস্থ্য বিভাগের প্রতিবেদনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে চার শিশুর মৃত্যু হয়েছে। মারা যাওয়া শিশুদের মধ্যে একজনের বাড়ি সিলেটের কানাইঘাট, একজনের সিলেটের জকিগঞ্জ, একজনের সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলা ও অন্য আরেকজনের বাড়ি হবিগঞ্জের বাহুবল উপজেলার পুটিজুরী এলাকায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## বিনামূল্যে ৮৩ হাজার গবাদি পশুকে টিকা, স্বস্তিতে প্রান্তিক খামারিরা

রাজশাহীর পবায় রোগের প্রাদুর্ভাব থেকে গবাদি পশু ও হাঁস-মুরগিকে সুরক্ষিত রাখতে বিনামূল্যে ৮৩ হাজার ৫০০ টিকা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এতে স্বস্তি ফিরেছে উপজেলার প্রান্তিক খামারি ও কৃষকদের মধ্যে। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে উপজেলার বড়গাছী ইউনিয়নের তালগাছি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিনামূল্যে টিকাদান কর্মসূচির উদ্বোধন করা হয়। উপজেলা প্রশাসনের আয়োজনে কর্মসূচির উদ্বোধন করেন রাজশাহী-৩ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মোহাম্মদ শফিকুল হক মিলন। সোমবার সকাল থেকেই টিকা নিতে বিদ্যালয় প্রাঙ্গণে জড়ো হন স্থানীয় খামারি ও কৃষকেরা। তারা গরু, ছাগল এবং হাঁস-মুরগি নিয়ে আসেন। রোগের প্রাদুর্ভাবে পশুপাখি মারা যাওয়ার ঝুঁকি কমাতে বিনামূল্যে টিকা দেওয়ার উদ্যোগকে স্বাগত জানান তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরের কনটেইনার টার্মিনাল ইজারা বন্ধের দাবিতে বিক্ষোভ

চট্টগ্রাম বন্দরের চট্টগ্রাম কনটেইনার টার্মিনাল (সিসিটি) ও নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) কোনো দেশি-বিদেশি প্রতিষ্ঠানের কাছে ইজারা না দেওয়ার দাবিতে বিক্ষোভ মিছিল হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) বন্দর রক্ষা কমিটির উদ্যোগে নগরের বারিক বিল্ডিং এলাকা থেকে মিছিলটি বের হয়। পরে বন্দর অভিমুখে এগিয়ে দুই নম্বর গেটের সামনে পৌঁছালে পুলিশের অনুরোধে কর্মসূচি শেষ করেন আন্দোলনকারীরা। মিছিলে ‘মা মাটি মোহনা, বিদেশিদের দেবো না’, ‘আমার মাটি আমার মা, বিদেশিদের দেবো না’, ‘দুনিয়ার মজদুর এক হও, লড়াই করো’, ‘বাধা আসবে যেখানে, লড়াই হবে সেখানে’সহ বিভিন্ন স্লোগান দেওয়া হয়। মিছিলপূর্ব সমাবেশে বক্তব্য দেন বন্দর রক্ষা কমিটির চট্টগ্রাম অঞ্চলের আহ্বায়ক প্রকৌশলী দেলোয়ার মজুমদার। তিনি বলেন, চট্টগ্রাম বন্দর সোনার ডিম পাড়া হাঁস। এখন সোনার ডিম নয়, পুরো হাঁসটিই খেয়ে ফেলতে চায়। চট্টগ্রাম বন্দরের নিজস্ব অর্থায়নে তৈরি সিসিটি ও এনসিটি কোনোভাবেই ইজারা দেওয়া যাবে না। তিনি বলেন, ‘আমাদের আন্দোলন সরকারবিরোধী নয়। জনগণের সরকারকে জনগণের দিকে টেনে আনার আন্দোলন এটি।’ বন্দর রক্ষা কমিটির এ নেতা জানান, পুলিশের অনুরোধে আজকের কর্মসূচি শেষ করা হয়েছে। তবে আগামী ৫ অক্টোবর চট্টগ্রাম বন্দর ভবনের গেটে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## ক্রীড়ার উন্নয়নে ‘না’ শব্দ নেই, এশিয়ান গেমসের সব বিল পরিশোধ করা হবে

ক্রীড়ার উন্নয়নে সরকারের পক্ষ থেকে কোনো ধরনের ঘাটতি রাখা হবে না বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক। তিনি বলেছেন, ক্রীড়ার উন্নয়নে তার কাছে ‘না’ বলে কোনো শব্দ নেই। এশিয়ান গেমসে অংশগ্রহণকারী বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের (বিওএ) প্রয়োজনীয় অর্থ পর্যায়ক্রমে ছাড় এবং তাদের সব বিল পরিশোধ করা হবে। সোমবার (১৪ সেপ্টেম্বর) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) ক্রীড়া উৎসব-২০২৬-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আমিনুল হক বলেন, এশিয়ান গেমসে অংশগ্রহণের জন্য এরইমধ্যে প্রায় ১০ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে। পর্যায়ক্রমে বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন এশিয়ান গেমস থেকে ফিরে বিল জমা দিলে সরকারের নীতিমালা অনুযায়ী তাদের সব বিল পরিশোধ করা হবে। তিনি বলেন, এটি সরকারের একটি পলিসি। সেই পলিসির মধ্য থেকেই আমাদের সব কার্যক্রম করতে হয়। তাই এ ধরনের বিষয় নিয়ে বিভ্রান্তি তৈরির কোনো সুযোগ নেই। বর্তমান সরকার স্পোর্টসকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। ক্রীড়ার জন্য যে-সব সুযোগ-সুবিধা প্রয়োজন, সবগুলোই ইনশাল্লাহ আমাদের পক্ষ থেকে করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## মূল সড়ক থেকে ব্যাটারিচালিত রিকশা ডাম্পিং, চালকদের সতর্ক করলো পুলিশ

রাজধানীর কুড়িল চৌরাস্তা এলাকা থেকে ব্যাটারিচালিত অটোরিকশা ডাম্পিং করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক গুলশান বিভাগ। সড়কে যান চলাচল স্বাভাবিক ও শৃঙ্খলা বজায় রাখতে দৈনন্দিন কার্যক্রমের অংশ হিসেবে এ অভিযান চালানো হয়। সোমবার (১৪ সেপ্টেম্বর) ট্রাফিক গুলশান বিভাগের উদ্যোগে কুড়িল চৌরাস্তা এলাকায় এ কার্যক্রম পরিচালনা করা হয়। গুলশান ট্রাফিক পুলিশ জানায়, ব্যাটারিচালিত অটোরিকশাগুলো প্রধান সড়কে চলাচলের কারণে যান চলাচলে বিঘ্ন ও যানজটের সৃষ্টি হচ্ছে। এ কারণে প্রধান সড়কে এসব অটোরিকশা চলাচল না করার বিষয়ে চালকদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হচ্ছে। এ সময় চালকদের সচেতনতামূলক ব্রিফিংয়ের মাধ্যমে ভবিষ্যতে ব্যাটারিচালিত অটোরিকশা নিয়ে প্রধান সড়কে প্রবেশ না করার জন্য সতর্ক করা হয়। ট্রাফিক গুলশান বিভাগ আরও জানিয়েছে, সড়কে যানজট নিরসন এবং নিরাপদ ও সুশৃঙ্খল যান চলাচল নিশ্চিত করতে এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## আরও চড়া দামে এলএনজি কিনছে সরকার, প্রতি ইউনিট ২৯.৭৯৫ ডলার

আরও চড়া দামে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কিনতে যাচ্ছেন সরকার। এবার আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ প্রক্রিয়ায় প্রতি এমএমবিটিইউ (মেট্রিক মিলিয়ন ব্রিটিশ থার্মাল ইউনিট) সর্বোচ্চ ২৯ দশমিক ৭৯৫ মার্কিন ডলার দরে কেনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২০২৬ সালের ৪৪তম সভায় এমন উচ্চ দামে এলএনজি কেনার অনুমোদন দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে রোববার (১৩ সেপ্টেম্বর) অনলাইন প্ল্যাটফর্মে এই সভা হয়। এতে মোট তিনটি প্রস্তাব উপস্থাপিত হয়। সবই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের। সভায়, আগামী অক্টোবর মাসে সরবরাহের জন্য দুই কার্গো এলএনজি কেনার প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করে কমিটি। একইসঙ্গে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় আরও চার কার্গো এলএনজি কেনার দুটি প্রস্তাবও অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## আসিফের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ অনুসন্ধান কোনো রাজনৈতিক চাপে নয় : দুদক

অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ও এনসিপি নেতা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়ার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের অনুসন্ধান কোনো রাজনৈতিক চাপ বা প্রভাবে করা হচ্ছে না বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) সচিব মো. সাইদুর রহমান খান। দুদক স্বাধীন ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে আইনানুগভাবে কার্যক্রম পরিচালনা করছে বলেও জানান তিনি। সোমবার (১৪ সেপ্টেম্বর) সাংবাদিকদের প্রশ্নের জবাবে দুদক সচিব আরও বলেন, দুদক একটি স্বায়ত্তশাসিত স্বাধীন প্রতিষ্ঠান। আমরা কারও দ্বারা প্রভাবিত হয়ে বা উদ্দেশ্যপ্রণোদিতভাবে কোনো মামলা পরিচালনা করছি না। আমরা ন্যায়নিষ্ঠার সঙ্গে আইনানুগভাবে আমাদের কার্যক্রম পরিচালনা করছি। এর আগে, দুদক সচিব সাবেক স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. আ ফ ম রুহুল হক ও তার ছেলে জিয়াউল হকের বিরুদ্ধে পৃথক দুটি মামলা এবং প্রায় ১৪ কোটি টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে মামলা এবং চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) সাবেক মেয়র আ জ ম নাসির উদ্দিনের নামে মামলার বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## বিমা খাতে অনিয়ম-দুর্নীতি গভীরে, কঠিন ব্যবস্থা নেওয়া হবে : অর্থমন্ত্রী

বিমা খাতে অনিয়ম, বিশৃঙ্খলা ও দুর্নীতি গভীরে শিকড় গেড়েছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, বিমা খাতকে নিয়ন্ত্রণে আনতে কঠিন পদক্ষেপ নিতে হবে। গ্রাহকের আস্থা ফেরাতে বিমা কোম্পানিগুলোকে নির্দিষ্ট সময়ের মধ্যে বিমা দাবি পরিশোধ করতে হবে। প্রয়োজন হলে গ্রাহকের পাওনা পরিশোধে কোম্পানির সম্পদ বিক্রি করতে হবে। সোমবার (১৪ সেপ্টেম্বর) রাজধানীতে বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (আইডিআরএ) কার্যালয় পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন অর্থমন্ত্রী। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, গ্রাহক নিজের কষ্টার্জিত অর্থ দিয়ে ভবিষ্যতের নিরাপত্তার জন্য বিমা করেন। অথচ অনেক বিমা কোম্পানি গ্রাহকের দাবি পরিশোধ করছে না। বর্তমানে প্রায় ৫৭ শতাংশ বিমা দাবি পরিশোধ করা হয়নি। অর্থাৎ, ১০০টি দাবির মধ্যে ৫৭টিই অনিষ্পন্ন রয়েছে। এটি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, বিমা কোম্পানিগুলোকে দাবি পরিশোধের জন্য সময়সীমা দেওয়া হচ্ছে। যারা দাবি পরিশোধ করছে, তারা ভালো করছে। যারা করছে না, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। অনেক কোম্পানি গ্রাহকের পাওনা পরিশোধ না করে জমি ও অন্যান্য সম্পদ কিনেছে। তাদের যদি নগদ অর্থের সংকট থাকে, তাহলে সম্পদ বিক্রি করে হলেও গ্রাহকের দাবি পরিশোধ করতে হবে। অর্থমন্ত্রী বলেন, যে মানুষটা নিরাপত্তার জন্য ইন্স্যুরেন্স করে, নিজের কষ্টের অর্জিত টাকা থেকে দেয়, তাকে আপনি কীভাবে সেই টাকা থেকে বঞ্চিত করবেন? তিনি জানান, এরই মধ্যে কিছু দাবি পরিশোধ করা হয়েছে। আইডিআরএর চেয়ারম্যান নিজেও একটি দাবি পরিশোধের উদ্যোগ নিয়েছেন, যা মূলত একটি দৃষ্টান্ত স্থাপনের জন্য। তবে বিমা দাবি পরিশোধ করা নিয়ন্ত্রক সংস্থার চেয়ারম্যানের দায়িত্ব নয়, সংশ্লিষ্ট বিমা কোম্পানিকেই তা পরিশোধ করতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## উপদেষ্টার সই জাল করে গরু আমদানির অনুমোদন, কারাগারে অতিরিক্ত এসপি

সাবেক স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরীর স্বাক্ষর জাল করে ভুয়া অনুমোদনপত্র তৈরির মাধ্যমে গরু আমদানির অনুমতি দেওয়ার কথা বলে প্রতারণার অভিযোগের মামলায় অতিরিক্ত পুলিশ সুপার (সাময়িক বরখাস্ত) শাহাবুদ্দীন আহমদকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার (১৪ সেপ্টেম্বর) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জাকির হোসাইনের আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করেন তিনি। শুনানি শেষে আদালত তার জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন। এ ঘটনায় চলতি বছরের ১৭ মার্চ '২ লাখ গরু আমদানির নামে জালিয়াতি, ২০ কোটি টাকা প্রতারণার চেষ্টা' শিরোনামে বিশেষ প্রতিবেদন প্রকাশ করেছিল জাগো নিউজ। ওই প্রতিবেদনে ভুয়া সরকারি নথি তৈরি করে গরু আমদানির অনুমোদন পাইয়ে দেওয়ার নামে প্রতারণার অভিযোগ এবং সংশ্লিষ্টদের কর্মকাণ্ড তুলে ধরা হয়েছিল। এতে মামলার তদন্তে অতিরিক্ত পুলিশ সুপার শাহাবুদ্দীন আহমদের সংশ্লিষ্টতার তথ্য উঠে আসে। মামলাটি রাজধানীর পল্লবী থানায় দায়ের করা হয়। তদন্ত শেষে পাঁচজনকে আসামি করে আদালতে অভিযোগপত্র দেওয়া হয়েছে। তদন্তে উঠে এসেছে, সরকারি অনুমোদন পাইয়ে দেওয়ার কথা বলে ভুয়া আবেদন, অনুমোদনপত্র ও চুক্তিনামা তৈরি করে একটি চক্র বড় অঙ্কের অর্থ হাতিয়ে নেওয়ার চেষ্টা করেছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## রিজভীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন ব্রিটিশ হাইকমিশনার

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও দলটির স্থায়ী কমিটির সদস্য অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুর ২টায় বিএনপি চেয়ারম্যানের গুলশান কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় ব্রিটিশ হাইকমিশনার বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিবকে শুভেচ্ছা জানান এবং দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিভিন্ন বিষয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা করেন। সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন ব্রিটিশ হাইকমিশনারের সহকারী কেট ওয়ার্ড এবং রিজভীর একান্ত সচিব কাজী নজরুল ইসলাম ও সহকারী একান্ত সচিব জাহেদুল আলম। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## কর্মস্থলে অনুপস্থিতদের শোকজের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

দেশের বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি অনলাইনে মনিটরিং করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। সোমবার (১৪ সেপ্টেম্বর) মন্ত্রণালয়ে অফিসকক্ষ থেকে ডিজিটাল হাজিরা ব্যবস্থার মাধ্যমে দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি পর্যবেক্ষণ করেন তিনি। এ সময় স্বাস্থ্যমন্ত্রী কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নরসিংদীর বেলাবো ও রায়পুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লালমনিরহাটের আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বান্দরবানের লামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং সুনামগঞ্জের দিরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডিজিটাল হাজিরা পর্যবেক্ষণ করেন। পর্যবেক্ষণকালে কয়েকটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের অনুপস্থিতির বিষয়টি মন্ত্রীর নজরে আসে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। পাশাপাশি, বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতদের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ দেওয়ার নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## বিদেশে ১ পয়সা বিনিয়োগের প্রমাণ দিতে পারলে রাজনীতি ছেড়ে দেবো

দেশের বাইরে বিনিয়োগ, ব্যাংকে অর্থ রাখা, ভিলা-জমি কেনার প্রমাণ দিতে পারলে সঙ্গে সঙ্গে রাজনীতি ছেড়ে দেবেন বলে জানিয়েছেন এনসিপির মুখপাত্র ও সাবেক অন্তবর্তী সরকারের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। সোমবার (১৪ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে নিজের ফেসবুক আইডিতে এক পোস্টে তিনি এ কথা জানান। তিনি লিখেছেন, 'দেশের বাইরে কোথাও যদি আমার ১ পয়সা বিনিয়োগ/ব্যাংকে রাখা, ভিলা, জমি তো দূরের কথা একটা ধূলিকণারও প্রমাণ দিতে পারেন, তাহলে সঙ্গে সঙ্গে রাজনীতি ছেড়ে দেবো। আর যা শাস্তি হবে মাথা পেতে নেবো।' তিনি বলেন, 'দেশের বাইরে পলিটিশিয়ান, ব্যবসায়ীদের সম্পত্তি অনেক অনুসন্ধানী সাংবাদিক-সরকার এর আগে বের করেছে। সরকারের এই ক্যাপাসিটি আছে, এইটা কোনো রকেট সায়েন্স না। রাজনৈতিকভাবে কতটা দেউলিয়া হইলে আপনারা এআই দিয়ে বানানো ভুঁইফোঁড় আজকের কণ্ঠের ৭ মাস আগের ফেসবুক পোস্ট কপি-পেস্ট করে অনুসন্ধান করতে পারেন?' আসিফ আরও বলেন, '৬ মাসেই বিরোধীদলকে রাজনৈতিকভাবে মোকাবিলায় ব্যর্থ হয়ে, দেশ পরিচালনায় চূড়ান্ত ব্যর্থতার পরিচয় দিয়ে, আপনাদের সন্তানদের প্রকাশ্য দুর্নীতি থেকে চোখ সরাতে নাটক শুরু করেছেন?' তিনি বলেন, 'আপনাদের বিরোধীদলকে দমন-পীড়নের পদ্ধতির সঙ্গে লীগের দমন-পীড়নের পার্থক্য কোথায়?'
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## ড. ইউনূসের গ্রামীণ কল্যাণকে ৬৬৬ কোটি টাকা কর দিতেই হবে

আয়কর বাবদ জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) দাবি করা ৬৬৬ কোটি টাকা পরিশোধ করতে হবে—গ্রামীণ কল্যাণের বিরুদ্ধে হাইকোর্টের দেওয়া সেই রায় স্থগিত করেননি আপিল বিভাগের চেম্বার জজ আদালত। হাইকোর্টের রায় স্থগিত চেয়ে গ্রামীণ কল্যাণের করা পৃথক আবেদন সোমবার (১৪ সেপ্টেম্বর) কার্যতালিকা থেকে বাদ দিয়েছেন আপিল বিভাগের চেম্বার জজ আদালত। বিচারপতি ফারাহ মাহবুবের চেম্বার জজ আদালতে এ আবেদন ওঠে।

আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আবদুস সামাদ আজাদ। গ্রামীণ কল্যাণের পক্ষে ছিলেন আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। পরে আইনজীবী আব্দুল্লাহ আল মামুন বলেন, চেম্বার জজ আদালত জানিয়েছেন, হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় এখনো প্রকাশিত হয়নি এবং সেটি আদালতের কাছেও নেই। তাই এ পর্যায়ে আপিল বিভাগ কোনো হস্তক্ষেপ করবে না। পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হলে তা দেখে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। ডেপুটি অ্যাটর্নি জেনারেল আবদুস সামাদ আজাদ বলেন, গ্রামীণ কল্যাণ হাইকোর্টের রায় স্থগিত চেয়ে আবেদন করেছিল। কিন্তু চেম্বার জজ আদালত কোনো স্থগিতাদেশ দেননি। ফলে হাইকোর্টের রায় বহাল রয়েছে। এর আগে গত ১০ সেপ্টেম্বর গ্রামীণ কল্যাণের কাছে আয়কর বাবদ এনবিআরের দাবি করা ৬৬৬ কোটি টাকা পরিশোধ করতে হবে বলে রায় দেন হাইকোর্ট। একই সঙ্গে এ বিষয়ে জারি করা রুল খারিজ করে দেন বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি রেজাউল করিমের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ। রায়ে আয়কর বাবদ ৬৬৬ কোটি টাকা পুনর্নির্ধারণ করে এনবিআরের দেওয়া আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে গ্রামীণ কল্যাণের করা দুটি রিট আবেদন খারিজ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## তিন মাসে ৫ হাজার নতুন কোটিপতি হিসাব, বেড়েছে আমানতও

দেশের ব্যাংক খাতে কোটি টাকার বেশি আমানত রয়েছে এমন হিসাবের সংখ্যা ও জমার পরিমাণ উভয়ই বেড়েছে। চলতি বছরের এপ্রিল থেকে জুন- এই তিন মাসে কোটিপতি হিসাবের সংখ্যা বেড়েছে ৫ হাজার ৭৭টি। একই সময়ে এসব হিসাবে আমানত বেড়েছে ১৬ হাজার ৪৯৮ কোটি টাকা। তবে কোটিপতি হিসাবের মধ্যে ব্যক্তি পর্যায়ে আমানত কমেছে। বিপরীতে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের হিসাবে জমা অর্থ বেড়েছে। ফলে সামগ্রিকভাবে কোটি টাকার বেশি আমানত থাকা হিসাবগুলোতে অর্থের পরিমাণ বেড়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, জুন শেষে দেশের ব্যাংক খাতে মোট আমানত হিসাবের সংখ্যা দাঁড়িয়েছে ১৮ কোটি ৬৩ লাখ ৮৪ হাজার ৫৮৮টি। এর মধ্যে এক কোটি টাকার বেশি আমানত রয়েছে- এমন হিসাবের সংখ্যা ১ লাখ ৪১ হাজার ৫৬২টি। এর আগে মার্চ শেষে এক কোটি টাকার বেশি আমানত থাকা হিসাব ছিল ১ লাখ ৩৬ হাজার ৪৮৫টি। সে হিসাবে তিন মাসে কোটিপতি হিসাব বেড়েছে ৫ হাজার ৭৭টি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনে মীর্জা আব্বাস

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল পরিদর্শন করেছেন হাসপাতালটির ব্যবস্থাপনা কমিটির নবনিযুক্ত সভাপতি মীর্জা আব্বাস উদ্দিন আহমেদ। মীর্জা আব্বাস প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এবং ঢাকা-৮ আসনের সংসদ সদস্য। ঢামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান এ তথ্য জানান। তিনি বলেন, দায়িত্ব গ্রহণের পর আজ বিকেল ৪টার দিকে সভাপতি হিসেবে তিনি (মীর্জা আব্বাস) প্রথম হাসপাতালে আসেন। সভাপতি হিসেবে একান্তই সৌজন্য ভিজিট ও হাসপাতাল প্রশাসন এবং চিকিৎসকদের কিছু দিকনির্দেশনা দিয়ে গেছেন। পরে প্রশাসনিক ব্লকে অবস্থান করে পরিচালনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেন এবং পরিদর্শন শেষে ফিরে যান।হাসপাতাল পরিচালক আরও জানান, দীর্ঘদিন অসুস্থ থাকার পর বিদেশ থেকে চিকিৎসা নিয়ে সম্প্রতি দেশে ফেরেন মীর্জা আব্বাস। গত ৩০ জুলাই মীর্জা আব্বাসকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মনোনীত করে প্রজ্ঞাপন জারি করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## অতীত সরকারের ব্যর্থতায় জাতি কাঙ্ক্ষিত পর্যায়ে যেতে পারেনি : ডা. শফিকুর রহমান

যারা অতীতে সরকারের নেতৃত্বে ছিলেন তাদের ব্যর্থতার কারণে জাতি যে পর্যায়ে যাওয়ার কথা ছিল সে পর্যায়ে যেতে পারেনি বলে অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। বরং সমাজে অনেক বঞ্চনা ও হাহাকার, বিশৃঙ্খলা, বৈষম্য, অবিচার দমন-পীড়ন, মানুষের সম্মান, সম্পদ এবং জীবনের ওপর আঘাত অহরহ ঘটেই চলেছে বলে জানান তিনি। সোমবার (১৪ সেপ্টেম্বর) রাজধানীর মিরপুরে দরিদ্র শিক্ষার্থীদের মাঝে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ অনুদানের চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় প্রচার বিভাগের সিনিয়র প্রচার সহকারী মুজিবুল আলম এসব তথ্য জানান। ডা. শফিকুর রহমান বলেন, আজ যাদের হাতে চেক তুলে দিচ্ছি, তারা বয়সে অনেক ছোট। একদিন তারা বড় হবে। এ শিক্ষার্থীরা তাদের মেধা দিয়ে একদিন জাতিকে নেতৃত্ব দেবে এবং সমাজের গুরুত্বপূর্ণ জায়গায় তারা যাবে বলে আশা প্রকাশ করেন তিনি। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমরা যদি এখন থেকে মেধা ও মনন এবং দক্ষতা ও নৈতিকতার সাথে নিজেকে গড়ে তুলতে পার, যদি মানুষ ও আল্লাহকে ভালোবাসতে পারো তাহলে তোমাদের দ্বারা আগামীর সুন্দর সমাজ আমরা প্রত্যাশা করি। তোমাদের মেধা বিকাশে রাষ্ট্রকে এবং আমরা যারা রাজনীতি করি তাদের দায়িত্ব নিতে হবে। তিনি বলেন, এখন স্কুলে মানের লেখাপড়া হয় না বলে ঘরে ঘরে দৌড়াদৌড়ি করে লেখাপড়া করতে হয়। এটি সুস্থ সমাজের পরিচায়ক নয়। সন্তানদের জন্য আলাদা শিক্ষক রাখার সব পরিবারের নেই। স্কুলে পর্যাপ্ত মানসম্মত শিক্ষা না পাওয়ার কারণে মেধা থাকা সত্ত্বেও অনেক সময় মেধাগুলো ঝড়ে পড়ে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## অ্যাটর্নি জেনারেল-বিচারপতিদের নিরাপত্তা আগের মতোই বহাল

সুপ্রিম কোর্টের বিচারপতি, অ্যাটর্নি জেনারেল ও বিচার বিভাগের সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপত্তা কমিয়ে জারি করা পরিপত্রের বৈধতা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে ওই পরিপত্রে সুপ্রিম কোর্টের বিচারপতি, অ্যাটর্নি জেনারেল ও বিচার বিভাগের সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপত্তা কমানোর বিধানের কার্যকারিতা স্থগিত করেছেন আদালত। এ সংক্রান্ত রিটের শুনানি নিয়ে সোমবার (১৪ সেপ্টেম্বর) হাইকোর্টের বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি আজিজ আহমদ ভুঁইয়ার সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নুর মুহাম্মদ আজমী। ডেপুটি অ্যাটর্নি জেনারেল নুর মুহাম্মদ আজমী জানান, ২০২৬ সালের ২৭ আগস্ট জারি করা পরিপত্রটি কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ও আইনগত কার্যকারিতাহীন ঘোষণা করা হবে না এবং কেন এর কার্যকারিতা স্থগিত করে আগের নিরাপত্তা ব্যবস্থা পুনর্বহালের নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একই সঙ্গে আগের মতো সুপ্রিম কোর্টের বিচারপতি, অ্যাটর্নি জেনারেল ও বিচার বিভাগের সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন আদালত। এর আগে সুপ্রিম কোর্টের বিচারপতি, অ্যাটর্নি জেনারেল ও বিচার বিভাগের সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপত্তা কমিয়ে জারি করা পরিপত্রের বৈধতা চ্যালেঞ্জ করে ১৩ সেপ্টেম্বর হাইকোর্টে রিট আবেদন করা হয়। ১০ জন আইনজীবী ও আইনের শিক্ষার্থীর পক্ষে আইনজীবী মোহাম্মদ শিশির মনির রিটটি করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### ভারতের সাথে স্বামী-স্ত্রীর মতো সম্পর্ক চাই না, সম্পর্ক হবে সার্বভৌমত্বের ভিত্তিতে : স্পিকার

ব্রিকস সম্মেলনে তারেক রহমানকে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে আমন্ত্রণ জানানো হয়নি বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের স্পিকার মেজর হাফিজ উদ্দিন আহমেদ। তিনি বলেন, 'বাংলাদেশ এখনো ব্রিকসের সদস্য নয়, অংশীদার হওয়ার বিষয়েও আলোচনা রয়েছে। তবে ব্রিকসে যোগদানের বিষয়ে সরকারের সুস্পষ্ট নীতিও এখনো প্রকাশ্যে জানানো হয়নি।' সোমবার সকালে ভোলা সার্কিট হাউসে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও রাজনৈতিক নেতাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। ব্রিকস প্রসঙ্গে স্পিকার আরও বলেন, 'ব্রিকস সম্মেলন শেষ হয়ে গেছে। ব্রিকসের ব্যাপারে বাংলাদেশ সরকার এখনো খোলাখুলিভাবে তাদের পলিসি জানায়নি। আগের সরকার থেকেই ব্রিকসে যোগদানের চিন্তাভাবনা ছিল। কিন্তু এখন পর্যন্ত অপর পক্ষ থেকে তেমন উৎসাহ দেখা যাচ্ছে না। আমাদের প্রধানমন্ত্রীকে সঠিক মর্যাদা দিয়ে একজন প্রধানমন্ত্রী হিসেবে এখনো আমন্ত্রণ জানানো হয়নি।' ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক প্রসঙ্গে মেজর হাফিজ বলেন, 'অতীত সরকারের প্রধানমন্ত্রীকে ভারত আশ্রয় দিয়েছে এবং সেখানে বসে রাজনীতি করার সুযোগ দিয়েছে, যা বাংলাদেশের কাছে প্রতিবেশীসুলভ আচরণ বলে মনে হয়নি। তবে বাংলাদেশের সঙ্গে ভারতের সুসম্পর্ক প্রয়োজন।' তিনি বলেন, 'আমরা ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক চাই। তবে সেটি হতে হবে সমমর্যাদা ও সার্বভৌমত্বের ভিত্তিতে। দুটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের মধ্যে যে ধরনের সম্পর্ক থাকা উচিত, বাংলাদেশ সেই ধরনের সম্পর্কই চায়। অতীতে যে স্বামী-স্ত্রীর সম্পর্কের কথা বলা হয়েছিল, আমরা সে ধরনের সম্পর্ক চাই না।' ভারতের সঙ্গে কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে উল্লেখ করে মেজর হাফিজ বলেন, 'দুই দেশের কূটনৈতিক পর্যায়ে কথাবার্তা চলছে। বাংলাদেশ আশা করে, আগামী দিনে ভারত ও বাংলাদেশের মধ্যে সমমর্যাদা, পারস্পরিক সম্মান ও সার্বভৌমত্বের ভিত্তিতে সম্পর্ক আরও উন্নত হবে। বাংলাদেশ সব রাষ্ট্রের সঙ্গেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে চায়।' (রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ আসাদ)

### ডেঙ্গু প্রতিরোধে সবার সচেতনতা জরুরি : স্থানীয় সরকার মন্ত্রী

ডেঙ্গু প্রতিরোধে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্থানীয় সরকার মন্ত্রণালয় একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রী ড. আবদুল মঈন খান। সোমবার রাজধানীর কারওয়ানবাজারে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এক সেমিনারে এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, ডেঙ্গুতে মৃত্যু আগেও ছিল, এখনও আছে। তবে বিগত বছরের তুলনায় এবার ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা তুলনামূলক কম। সামনের দিনে যেন এই সংখ্যা আর না বাড়ে, সে লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি। আধুনিক প্রযুক্তি ডেঙ্গু নিরাময়ে যথেষ্ঠ নয় মন্তব্য করে তিনি আরও বলেন, ডেঙ্গু প্রতিরোধে সবার সচেতনতা জরুরি। ডেঙ্গুর উৎপত্তি ও বিস্তারের কারণ চিহ্নিত করে অতীতের অভিজ্ঞতা কাজে লাগানোর উপরও গুরুত্ব দেন স্থানীয় সরকারমন্ত্রী। এ সময় তিনি বিভাগীয় পর্যায়ে ১০০টি ফগার মেশিন বিতরণ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ আসাদ)

### আর্থিক খাতের নিরাপত্তা ও ব্যাংক সংস্কারে ১,২৭৬ কোটি টাকার প্রকল্প

খেলাপি ঋণ, সুশাসনের ঘাটতি ও পুরোনো প্রযুক্তি ব্যবস্থার মতো চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশের আর্থিক খাতকে আরও স্থিতিশীল করতে ১ হাজার ২৭৬ কোটি ৩০ লাখ টাকার একটি কারিগরি সহায়তা প্রকল্প নেওয়া হয়েছে। আর্থিক খাতের নিরাপত্তাব্যবস্থা শক্তিশালী করা, প্রযুক্তিনির্ভর ব্যাংকিং ব্যবস্থার আধুনিকায়ন এবং চলমান ব্যাংক সংস্কারে সহায়তা দেওয়াই এ প্রকল্পের মূল লক্ষ্য। 'ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-২' নামের প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির অনুমোদনের অপেক্ষায় রয়েছে। আগামী ১৬ সেপ্টেম্বর বাংলাদেশ সচিবালয়ে একনেকের সভা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। একনেকের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান এতে সভাপতিত্ব করবেন।

সভায় প্রকল্পটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনে বাংলাদেশ ব্যাংক পাঁচ বছর মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন করবে। ২০২৬ সালের জুলাই থেকে ২০৩১ সালের জুন পর্যন্ত প্রকল্পটির মেয়াদ নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের মোট ব্যয়ের মধ্যে ১ হাজার ২৬১ কোটি ৫৪ লাখ টাকা বিশ্বব্যাংকের ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন থেকে বৈদেশিক অর্থায়ন হিসেবে আসবে। বাকি ১৪ কোটি ৭৬ লাখ টাকা বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল থেকে দেওয়া হবে। বাংলাদেশ ব্যাংকের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বাসসকে বলেন, আর্থিক খাতের 'সেফটি নেট' বা নিরাপত্তাব্যবস্থা শক্তিশালী করা, প্রযুক্তিনির্ভর ব্যাংকিংয়ের সক্ষমতা বাড়ানো এবং চলমান ব্যাংক খাতের সংস্কার কার্যক্রমে সহায়তা দেওয়ার লক্ষ্যেই প্রকল্পটি নেওয়া হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৯.২০২৬ আসাদ)

## শিক্ষা, বিনিয়োগ ও প্রযুক্তি খাতে যুক্তরাজ্যের সহযোগিতা জোরদারের আহ্বান রাষ্ট্রপতির

বাংলাদেশের শিক্ষা, মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি খাতে যুক্তরাজ্যের সহযোগিতা বৃদ্ধি ও দুইদেশের মধ্যকার ব্যবসা ও বিনিয়োগ আরও জোরদারের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সোমবার বঙ্গভবনে ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাতে এলে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলমের স্বাক্ষর করা এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সাক্ষাতকালে সারাহ কুক রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে যুক্তরাজ্যের রাজা তৃতীয় চার্লসের পক্ষ থেকে একটি অভিনন্দনপত্র হস্তান্তর করেন। রাষ্ট্রপতি শুভেচ্ছা ও অভিনন্দনপত্রের জন্য রাজা তৃতীয় চার্লসের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান এবং ব্রিটিশ হাইকমিশনারের মাধ্যমে রাজার প্রতি শুভেচ্ছা পৌঁছে দেওয়ার অনুরোধ জানান। এ সময় তিনি বাংলাদেশি শিক্ষার্থীদের যুক্তরাজ্যে উচ্চশিক্ষার সুযোগ আরও সম্প্রসারণ, কমনওয়েলথ-এর শিক্ষাবৃত্তি বৃদ্ধি, দেশের মানবসম্পদ উন্নয়ন এবং শিক্ষা ও প্রযুক্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধিতে যুক্তরাজ্যের সহযোগিতা কামনা করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ আসাদ)

## ময়মনসিংহ মেডিকেলে অগ্নিকাণ্ড, শিশুসহ ৬ জনের মৃত্যু

ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে লিফটের কন্ট্রোলরুমে লাগা আগুনের ঘটনা ঘিরে তাড়াহুড়ো করে সিঁড়ি দিয়ে নিচে নামতে গিয়ে পদদলিত হয়ে শিশুসহ অন্তত ছয়জনের মৃত্যু হয়েছে। সোমবার সন্ধ্যা ছয়টার দিকে হাসপাতালের নতুন আটতলা ভবনের লিফটের কন্ট্রোলরুমে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। নিহতদের মধ্যে পাঁচজনের পরিচয় পাওয়া গেছে। তারা হলেন- নেত্রকোনার পূর্বধলার হাজেরা বেগম (৫০), ময়মনসিংহের ফুলবাড়িয়ার শাহজাহান (৪০), রমজান (৩৮), জাহানারা (৫০) এবং তারাকান্দার কুলসুমা (৩৫)। এছাড়া এক বছর বয়সি এক অজ্ঞাত শিশুর মৃত্যু হয়েছে। অতিরিক্ত পুলিশ সুপার মো. আবদুল্লাহ্ আল্-মামুন পদদলিত হয়ে ৬ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ আসাদ)

## রুহুল কবির রিজভীর সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক সৌজন্য সাক্ষাৎ করেছেন। বিএনপির মিডিয়া সেল জানায়, আজ সোমবার দুপুর ২টায় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে ব্রিটিশ হাইকমিশনার বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিবকে শুভেচ্ছা জানান। এ সময় দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়। সাক্ষাৎকালে ব্রিটিশ হাইকমিশনারের সহকারী কেট ওয়ার্ড এবং বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভীর পিএস কাজী নজরুল ইসলাম ও এপিএস জাহেদুল আলম উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ আসাদ)

## ডাকসু সংগ্রহশালায় মুহাম্মদ আলী জিন্নাহর ছবি ছেঁড়া নিয়ে যা বললেন গোলাম পরওয়ার

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ ডাকসুর সংগ্রহশালায় মুহাম্মদ আলী জিন্নাহর ছবি ছেঁড়া প্রসঙ্গে জামায়াতে ইসলামীর সেক্রেটারি মিয়া গোলাম পরওয়ার বলেছেন, যারা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস জানেন না এবং প্রথাগত দলীয় রাজনীতিতে অন্ধ, তারাই এ ধরনের আচরণ করতে পারেন। সোমবার বিকেলে রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ মিলনায়তনে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এর আগে, ন্যাশনাল ডক্টরস ফোরাম ঢাকা মহানগরী দক্ষিণ আয়োজিত সিরাতুন্নবী (সা.) কনফারেন্সে প্রধান অতিথির বক্তব্য দেন গোলাম পরওয়ার। জিন্নাহর ছবি ছেঁড়া প্রসঙ্গে তিনি বলেন, 'এ বিষয়ে আমরা অবগত হয়েছি। আমরা বলব, যারা বাংলাদেশের রাজনীতির ইতিহাস জানেন না, বাংলাদেশের জন্মের পেছনের কথা জানেন না, এই ভূখণ্ডকে আজাদ ও স্বাধীন করার পেছনে কারা লড়াই করেছেন এবং তাদের কী অবদান ছিল, সেই ইতিহাস থেকে যারা অজ্ঞ, শুধু প্রথাগত দলীয় রাজনীতিতে যারা অন্ধ, তারা এ ধরনের আচরণ করতে পারেন।' তিনি আরও বলেন, 'উনি যে আন্দোলন করেছিলেন, যে কথা বলেছিলেন, এই ভূখণ্ডের সমস্ত দেশপ্রেমিক নাগরিক সে আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল। এগুলোর ইতিহাস জানতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ আসাদ)

## দেশ থেকে চাঁদাবাজির কবর রচনা করবে বিরোধী দল

দেশের সবখানে চাঁদাবাজি দখলবাজির প্রতিযোগিতা চলছে বলে অভিযোগ করেছেন বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি হুশিয়ারি দিয়েছেন, দেশ থেকে চাঁদাবাজির কবর রচনা করবে বিরোধী দল। সোমবার বিকালে রাজধানীর মিরপুরে দরিদ্র মেধাবী শিক্ষার্থীরা মাঝে বিশেষ অনুদান ও চেক হস্তান্তর অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। বিরোধী দলীয় নেতা বলেন, সঠিক নেতৃত্বের কারণে বিগত দিনে দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব হয়নি। শফিকুর রহমান বলেন, দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে হবে। এ সময় শিক্ষার্থীদের মেধা বিকাশে সরকারকে উদ্যোগী হওয়ার আহ্বান জানান বিরোধীদলীয় নেতা। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ আসাদ)

**প্রবাসীদের জরুরি নির্দেশনা দিল ওমানের বাংলাদেশ দূতাবাস**

ওমানে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের জরুরি নির্দেশনা দিয়েছে মাসকাটের বাংলাদেশ দূতাবাস। এতে বলা হয়েছে, মাসকাটে বাংলাদেশ দূতাবাসের চ্যান্সারি নতুন ভবনে স্থানান্তরিত হওয়ার কারণে পাঁচদিন কন্স্যুলারসেবা সাময়িকভাবে বন্ধ থাকবে। সোমবার ওমানের বাংলাদেশ দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক জরুরি বিজ্ঞপ্তিতে বলা হয়, 'এতদ্বারা ওমানে বসবাসরত সম্মানীত বাংলাদেশি নাগরিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, মাস্কাট-এর চ্যান্সারি আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বর্তমান স্থান থেকে নতুন ভবনে স্থানান্তরিত হবে। দূতাবাস ভবন স্থানান্তরের কার্যক্রমের কারণে ১৫ সেপ্টেম্বর থেকে ২০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত কন্স্যুলারসেবা সাময়িকভাবে বন্ধ থাকবে।' এতে আরো বলা হয়, 'আগামী ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে নতুন চ্যান্সারি ভবন থেকে নিয়মিত কন্স্যুলারসেবা প্রদান করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৯.২০২৬ আসাদ)

# BBC

**CHINA CRITICISES IDEA IT IS IN 'MALICIOUS COMPETITION' OVER AI**

China has hit out against what it has called "threat narratives" over the AI governance and warned against "engaging in confrontation and malicious competition". It follows Anthropic CEO Dario Amodei's calls for a slowdown in AI development - but in a way that prevents China from pulling ahead in the AI race. Over the past week, industry insiders at the leading US AI labs have been warning in extremely stark terms about the potential threat AI poses, with some sayings it could wipe out humanity. But US President Donald Trump has said his priority is making sure the US develops the tech faster than China.
(BBC News Web Page: 14/09/26, FARUK)

**THOUSANDS DEMAND END TO VIOLENCE IN MEXICAN CARTEL HOTSPOT**

Thousands of people have taken to the streets of Culiacan to demand an end to the violence that has wracked the north Mexico city. The state of Sinaloa has seen the number of murders and disappearances skyrocket since two factions of the Sinaloa cartel started a bloody war two years ago. Residents dressed in white held up posters of missing loved and signs reading "We don't want fear, we want peace" at the protest on s. More than three million people live in Sinaloa and many say that the war between the two rival factions - known as Los Chapitos and La Mayiza - has blighted their lives. The march was scheduled to coincide with the second anniversary since the start of the conflict - which feud broke out after the arrest of wanted drug lord Ismael "El Mayo" Zambada in the US.
(BBC News Web Page: 14/09/26, FARUK)

**SWEDISH LEFT-WING BLOC NARROWLY AHEAD WITH ELECTION CLOSE TO CALL**

Sweden's general election remains too close to call with the left-wing bloc marginally ahead as the vote count continues. With more than 90% of ballots processed early on Monday, the left-wing bloc was in front by approximately 20,000 votes. Preliminary counts by Sweden's electoral authority projected the Social Democrats Magdalena Anderson would likely finish with a three-seat majority over the rival four-party coalition led by current conservative Prime Minister Ulf Kristersson. Kristersson has been supported in government by the hard-right Sweden Democrats (SD), which have neo-Nazi roots. He has promised cabinet jobs for the SD if he stays in charge. Early on Monday morning, Kristersson said it remained unclear who would from the next government. The voters have had their say, but we still don't have a final result. Which government will lead Sweden in the coming years is still an open question," he told supporters. No major media outlets have declared a winner yet.
(BBC News Web Page: 14/09/26, FARUK)

**RUSSIA HITS UKRAINIAN TRAIN SHORTLY AFTER BORIS JOHNSON AND TOP EUROPEAN OFFICIALS LEAVE STATION**

A Russian drone has hit a train near the Ukraine-Poland border shortly after former UK Prime Minister Boris Johnson and top European security officials had passed through. No casualties were reported after the strike at Yahodyn, which hit the train's engine. All the

passengers had been evacuated, Ukrainian authorities said. Johnson and other European national security advisers, including the UK's Jonathan Powell, had passed along the same line on a different train on their way back from a conference in Kyiv. Russia's defence ministry said it had struck "railway infrastructure" in western Ukraine, but Ukraine's state railway company Ukrzaliznytsia said the drone's target "could have been the diplomatic train". (BBC News Web Page: 14/09/26, FARUK)

**THE HIMALAYAS ARE MELTING FASTER - AND INDIA'S ECONOMY IS 'AT RISK'**

The Himalayas are approaching a dangerous threshold as glaciers melt faster, glacial lakes grow more unstable and the mountains face a widening gap in monitoring, according to new research. The findings come in the aftermath of devastating floods in Nepal and Tibet, which killed more than 1,300 people and caused widespread destruction, highlighting the growing risks from a rapidly changing Himalayan environment. Himalayan glacier are now losing mass 65% faster than they were a decade ago, the report by global consultancy Systemiq, produced with the Integrated Mountain Initiative and with technical contribution from the International Centre for Integrated Mountain Development (ICIMOD) and GB Pant National Institute of Himalayan Environment, says. (BBC News Web Page: 14/09/26, FARUK)

**FRANCE'S MACRON MEETS WITH IRAQI PM AL-ZAIDI ON HORMUZ DE-ESCALATION**

French President Emmanuel Macron has hosted Iraqi Prime Minister Ali al-Zaidi in Paris. In a post on X, Macron wrote that pursuing stability in the region requires "defending the interests of the French people", including securing energy supplies and "working toward de-escalation and developing alternative routes to the Strait of Hormuz". He added that "deepening our defence and security cooperation with our partners means continuing together the relentless flight against terrorism". Al-Zaidi is slated to head to Germany next. (BBC News Web Page: 14/09/26, FARUK)

**NEW ZEALAND EXPRESSES 'CONCERN' OVER ISRAELI VIOLENCE IN WEST BANK**

New Zealand's Foreign Minister Winston Peters spoke with his Israeli counterpart Gideon Saar about escalating attacks on Palestinians in the occupied West Bank. Peters expressed "concern at the escalation in settler violence and expansion of illegal Israeli settlements in the West Bank, as at the humanitarian situation in Gaza", a Foreign Ministry statement said. Peters also plans to speak with Palestinian Foreign Minister Varsen Aghabekian Shahin, it added. Many countries around the world are increasingly criticizing Israel's decades-long occupation of Palestine. The International Court of Justice in July 2024 called Israel's occupation of Palestinian territory "unlawful". Months later, the United Nations passed a resolution calling for its end within a year. (BBC News Web Page: 14/09/26, FARUK)

**ARAB STATES FACE ECONOMIC MAELSTROM OVER HORMUZ BLOCKADE**

Gulf countries must accept that freight passage through the Strait of Hormuz is unlikely to go back to pre-war days, an analyst says. Gulf Arab nations have to compromise with Iran as they face many risks with markets adapting to disruption in the Strait of Hormuz and other key waterways. (BBC News Web Page: 14/09/26, FARUK)

## :: THE END ::